

ক্বসীদাতুল বুরদাহ

ক্বসীদাতুল বুরদাহ রচনার ইতিহাস

ক্বসীদাতুল বুরদাহ'র রচয়িতা হচ্ছেন ইমাম শরফুদ্দিন আবু আব্দুল্লাহ মুহাম্মদ ইবনে সাঈদ আল বুহীরী (রাঃ)। তিনি ৬০৮ হিজরীতে মিশরের দালাহ নামক স্থানে জন্মগ্রহণ করেন। তিনি তৎকালীন মিশরের একজন নামকরা কবি ও জ্ঞানী ছিলেন। নবী করিম সাল্লাল্লাহু আলাইহি ওয়া আলিহী ওয়া সাল্লামের মর্যাদায় লিখিত আল্ বুরদাহ নামক ক্বসীদা তাঁর সর্বাধিক প্রসিদ্ধ রচনা। এ দীর্ঘ কবিতায় কবির রাসূল প্রেমের বহিঃপ্রকাশ ঘটেছে। ক্বসীদার মূলনাম আল কাওয়াকিবুদ্ দুররিয়াহ্ ফি মাদ্হি খাইরিল বারিয়্যাহ্।

ইমাম বুহীরী (রাঃ) হঠাৎ পক্ষাঘাত রোগে আক্রান্ত হন। এতে তাঁর দেহের অংশবিশেষ অবশ হয়ে যায়। তখন তিনি প্রিয়নবীজী সাল্লাল্লাহু আলাইহি ওয়া আলিহী ওয়া সাল্লাম'এর প্রশংসায় একটি ক্বসীদা লিখে তার উসিলায় রোগমুক্তির জন্য তা আবৃত্তি করে কান্নাকাটি করে রাতে ঘুমিয়ে যান। স্বপ্নে তিনি প্রিয়নবীর দর্শন লাভ করেন এবং স্বপ্নে তাঁকে পুরো ক্বসীদাটি পড়ে শোনান। নবীজী তাঁর শরীরে হাত বুলিয়ে দেন এবং স্বীয় চাদর মোবারক তাঁর গায়ে জড়িয়ে দেন। ঘুম থেকে জেগে কবি দেখেন যে, তিনি সম্পূর্ণ সুস্থ। সকালে ঘর থেকে বেরিয়ে তাঁর বন্ধু শায়খ আবু রাজার দেখা হলে তিনি কবিকে বললেন, 'আপনার ওই, ক্বসীদাটি আমাকে দিন তো, যেটি আপনি নবীজীর (দঃ) শানে লিখেছেন। তখন পর্যন্ত কবি কাউকে তা দেননি। তিনি বললেন, আপনি কোন ক্বসীদাটি চাচ্ছেন? তিনি বললেন, ওই ক্বসীদা যার শুরু হচ্ছে-

أَمِنْ تَذَكُّرٍ جِئْرَانٍ بِيَدِي سَلَّمَ الْخ

কবি বলেন, আপনি কোথা থেকে এটি শিখেছেন? আবু রাজা বললেন, আমি গতকাল শুনেছি আপনি এটি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া আলিহী ওয়া সাল্লাম'এর সামনে পাঠ করেছেন। তা শুনে তিনি

আনন্দিত হয়েছেন। কবি তখন ক্বসীদাটি তাঁকে দিলেন। ধীরে ধীরে এর কথা প্রসারতা লাভ করে।

ক্বসীদাটির খ্যাতি চতুর্দিকে ছড়িয়ে পড়লে তদানীন্তন রাজমন্ত্রী বাহাউদ্দিন বহু কষ্ট করে এটা সংগ্রহ করে আপন পরিবার পরিজন নিয়ে নগ্ন পদে নগ্নমস্তকে দাঁড়িয়ে ভক্তি সহকারে এটি পাঠ করে আল্লাহর দরবারে মঙ্গল কামনা করতেন।

বর্ণিত আছে যে, ইবনু ফারুকী দৃষ্টিহীন হয়ে যাবার পর স্বপ্নযোগে নবীজী (দঃ) কর্তৃক নির্দেশপ্রাপ্ত হয়ে কাজী বাহাউদ্দিনের কাছ থেকে কবিতাটি নিয়ে গিয়ে চক্ষুতে স্পর্শ করা মাত্রই দৃষ্টি ফিরে পান।

ক্বসীদাটির ফায়ায়েলঃ ক্বসীদাতুল বুরদাহ একটি বরকতময় ক্বসীদা হিসেবে স্বীকৃত। যে কোন রোগ নিরাময়ের জন্য ক্বসীদাটি তেলাওয়াত করা অত্যন্ত ফলদায়ক। বহু লোক এটি পাঠ করে শেফা লাভে ধন্য হয়েছেন। রোগ থেকে শেফা লাভ এবং যে কোন নেক উদ্দেশ্য হাসিলের জন্য এটি পাঠের নিয়ম হচ্ছে-ওজু করে কেবলামুখী হয়ে ভক্তি সহকারে বিশুদ্ধভাবে তা পাঠ করতে হবে। ছন্দ মিলিয়ে মুখস্ত পাঠ করতে হবে। এটা পাঠের এজায়ত নিতে হবে।

مَوْلَايَ صَلِّ وَسَلِّمْ دَائِمًا أَبَدًا -

عَلَى حَبِيبِكَ خَيْرُ الْخَلْقِ كُلِّهِمْ -

এ দুর্কদসহকারে ক্বসীদাটি পাঠ করা অত্যন্ত ফলদায়ক। আল্লাহ সকলকে এ ক্বসীদার ফুয়ুযাত নসীব করুন।

ক্বসীদা-এ-বুরদাহ শরীফ

الْفَصْلُ الْأَوَّلُ فِي ذِكْرِ

عَشِقِ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ

আল ফসলুল আউয়ালু ফি যিকরে ইশকে রাসূলিল্লাহি সাল্লাল্লাহু

আলাইহি ওয়া সাল্লাম

❖ প্রথম পরিচ্ছেদঃ রাসূলুল্লাহ (দঃ) এর প্রতি ভালবাসার বর্ণনা।

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِیْمِ

বিসমিল্লাহির রাহমানির রাহীম

اَمِنْ تَذَكُّرِ جِیْرَانٍ بِذِی سَلَمٍ

مَزَجَتْ دَمْعًا جَرَى مِنْ مَقْلَةٍ بِدَمٍ

আ-মিন তাযাক্কুরি জীরানী-ম-বে যি সালামী,
মাযাজাত, দাময়ান জারা মিন মুক্বলাতিন বি-দমী।

❖ অনুঃ তুমি কি ছালম গাছের বাগানে প্রতিবেশীদের স্মরণে তোমার নয়নের অশ্রুকে লাল রক্তের সাথে মিশ্রিত করেছ?

اَمْ هَبَّتِ الرِّیْحُ مِنْ تَلْقَاءِ كَاظِمَةٍ

اَوْ اَوْمَضَ الْبَرْقُ فِي الظُّلْمَاءِ مِنْ اِضْمٍ

আম্ হাব্বাতির রিইহ মিন তিলকায়ি কাযিমাতিন,
আও আওমাদ্বাল বারকু ফিয্ যুলুমায়ে মিন আদ্বমী।

❖ অনুঃ নাকি কাযেমার (মদীনার) দিক থেকে বায়ু প্রবাহিত হলো কিংবা আদ্বাম হতে অন্ধকারের মধ্যে বিদ্যুৎ চমকালো?

فَمَا لِعَيْنَيْكَ اِنْ قُلْتَ اَكْفُفَا هَمَّتَا

وَمَا لِقَلْبِكَ اِنْ قُلْتَ اسْتَفِقُ يَهُم

ফামা লে আয়নাইকা ইন্ কুল্তাকফুফা হামাতা,
ওয়ামা লে ক্বাল্বিকা ইন্ কুল্তাস্তাফিক্ ইয়াহিমী।

❖ অনুঃ তোমার দু'নয়নের কি হয়েছে যে, সে গুলোকে নিষেধ করলে আরো বেশী ক্রন্দন করে এবং তোমার ক্বলবের কি হয়েছে যে তাকে হুঁশ হতে বললে সে আরও বেঁহুশ হয়ে যায়?

اِيْحَسِبُ الصَّبُّ اَنْ اَلْحَبُّ مُنْكَتِمٌ

مَا بَيْنَ مُنْسَجِمٍ مِّنْهُ وَمُضْطَرَمٍ

আইয়াহসাবুস্ সাব্বু আন্বাল হব্বা মুন্কাতিমুন,
মা-বাইনা মুন্সাজেমিম্ মিনহু ওয়া মুহতারিমী।

❖ অনুঃ আশেকগণ কি এটা ধারণা করেনা যে, তার মুহাব্বত লুকিয়ে থাকে অশ্রু প্রবাহিত হওয়া ও হৃদয় পুড়ে যাবার অবস্থায়?

لَوْلَا اَلْهُوٰی لَمْ تُرَقْ دَمْعًا عَلٰی طَلِّ

وَلَا اَرَقْتَ لِذِكْرِ الْبَانِ وَالْعَلَمِ

লাও লাল হাওয়া লাম-তুরিকু দময়ান আলা-ত্বালালিন,
ওয়লা আরিক্তা লি যিকরিল বা-নে ওয়াল আলমী।

❖ অনুঃ যদি তুমি আশেক না হতে তাহলে টিলার উপরে ক্রন্দন করতে না এবং বান গাছ ও আলমের (উঁচু পাহাড়) স্মরণে অশ্রির হতে না?

فَكَيْفَ تُنْكِرُ حُبًّا بَعْدَ مَا شَهِدْتَ

بِهِ عَلَيْكَ عُدُوْلُ الدَّمْعِ وَالسَّقَمِ

ফা কাইফা তুনকেরু হব্বাম্ বা'দা মা শাহেদাত্,
বিহি আলাইকা ওদু-লুদু দাময়ি ওয়াস সাব্বামী।

❖ অনুঃ তুমি তোমার মুহাব্বতকে কিভাবে অস্বীকার করবে অবিরত অশ্রু ও অসুস্থ হয়ে যাওয়ার সাক্ষী থাকার পর?

وَاثْبَتَ الْوَجْدُ خَطِيْءَةً وَعَضْنِيْ

مِثْلَ الْبَهَارِ عَلٰی خَدِّيْكَ وَالْعَنَمِ

ওয়াস বাতাল ওয়াজদু খাত্তাই আবরাতিওঁ ওয়া ঘানান,
মিচ্লাল বাহা-রে আলা খাদ্দাইকা ওয়াল আনামী।

❖ অনুঃ এশকের আবেগ তোমার দু'গালে অশ্রু ও দুর্বলতার দুটো রেখা বসিয়ে দিয়েছে হলুদ ফুল ও লাল ঢালপালার ন্যায়।

نَعَمْ سَرَى طَيْفٌ مِّنْ أَهْوَى فَارَقَنِي
وَالْحُبُّ يَعْتَرِضُ اللَّذَاتُ بِالْأَلَمِ

না'য়াম ছারা-ত্বাইফু মান আহুওয়া ফাআররাফানি,
ওয়ালহব্বু ইয়াতারিয়ুল্ লায্যা-তে বিল আলমী।

❖ অনুঃ হ্যাঁ, রাতে আমার তাঁর খেয়াল হয়েছে যাকে আমি কামনা করি, তা আমাকে কাঁদাল এবং ঐ মুহাব্বত সমস্ত স্বাদকে বেদনায় পরিণত করল।

يَا لَأَيْمَى فِي الْهَوَى الْعُدْرِيَّ مَعْدِرَةً
مِّنِّي إِلَيْكَ وَلَوْ أَنْصَفْتَ لَمْ تَلَمْ

ইয়া লায়েমী ফিল্ হাওয়াল উয়রিয়ে মাযেরাতান,
মিন্নি ইলাইকা ওয়ালাও আনছাফতা লাম তালুমী।

❖ অনুঃ ওহে আমাকে এশকের কারণে নিন্দাকারী। আমায় ক্ষমা কর।
যদি আমার প্রতি ইনসাফ করতে তাহলে আমাকে দোষ দিতে না?

عَدَّتْكَ حَالِي لَا سِرِّي بِمُسْتَتِرٍ
عَنِ الْوُشَاةِ وَلَا دَائِي بِمُنْحَسِمٍ

আদাত্কা হালিয়া লা ছিররি-বে মুস্তাতেরিন,
আনিল ওশাতি ওয়ালা দায়ি-বি মুনহাসিমী।

❖ অনুঃ আমার এ অবস্থা তোমার উপর পড়ুক, আমার গুঢ় রহস্য
নিন্দাকারীদের থেকে গোপন নয় এবং আমার রোগ সেরে যাবার নয়।

مَحْضَتْنِي النَّصْحَ لَكِنْ لَسْتُ أَسْمَعُهُ
إِنَّ الْمُحِبَّ عَنِ الْعُدَالِ فِي صَمَمٍ

মাহাছতানিন্ নুস্হা লা-কিন লাস্তু আস্মাযুহ্,
ইন্বাল মুহিব্বা আনিল ওয়ালে ফি-ছামামী।

❖ অনুঃ তুমি আমাকে উত্তম উপদেশ দিয়েছ, কিন্তু আমি তা শুনি নি।
আশেকগণ নিন্দাকারীদের কথা শোনে না।

إِنِّي اتَّهَمْتُ نَصِيحَ الشَّيْبِ فِي عَذْلِي
وَالشَّيْبُ أَبْعَدُ فِي نَصِيحٍ عَنِ التُّهْمِ

ইন্নি আত্তাহাম্তু নছিহাশ্ শাইবে ফি আযালী,
ওয়াশ্ শাইবু আবয়াদু ফি নুছহিন আনিত্ তুহামী।

❖ অনুঃ আমি বৃদ্ধদের উপদেশকে অপবাদ দিয়েছি, ভৎসনা করে,
অথচ বৃদ্ধলোক অপবাদ থেকে বহুদূরে উপদেশ দেওয়ার ব্যাপারে।

الْفَصْلُ الثَّانِي فِي مَنَعِ هَوَى النَّفْسِ

আল ফসলুসসানিয়ু ফি মনয়ে হাওয়ান্নাফ্ছি

দ্বিতীয় পরিচ্ছেদঃ নিজেকে নফসের কুখবুত্তি থেকে
বিরত রাখা প্রসঙ্গে।

فَإِنَّ أَمَّا رَتِي بِالسُّوءِ مَا اتَّعَظْتُ
مِنْ جَهْلَهَا بِنَذِيرِ الشَّيْبِ وَالْهَرَمِ

ফা ইন্না আম্মা-রাতি বিচ্ছুয়ে মা এত্তেয়াযাত,
মিন্ জেহলিহা বেনযিরিশ্শাইবে ওয়াল হারামী-।

❖ অনুঃ আমার প্ররোচনাদাতা নফস অজ্ঞতার দরুন উপদেশ গ্রহণ
করল না সতর্ককারী বৃদ্ধলোক এবং বুড়ো বয়সের কাছ থেকে।

وَلَا أَعَدَّتْ مِنْ الْفِعْلِ الْجَمِيلِ قَرِي
ضَيْفِ الْمَمِّ بِرَأْسِي غَيْرَ مُحْتَشِمٍ

ওয়ালা আয়াদ্দাত মিনাল ফে-লিল জমি-লে কিরা,
দ্বাইফিন আলাম্মা বি রা-ছি গাইরা মুহতাশামী।

❖ অনুঃ আর আমার নফস সৎ কাজ দ্বারা মেহমানদারীর ব্যবস্থা
করেনি, ঐ মেহমানের জন্য যে আমার মাথার উপর নফস তাকে
সম্মান না করা সত্ত্বেও এসে বসেছে।

لَوْ كُنْتُ أَعْلَمُ أَنِّي مَا أَوْقَرُهُ
كَتَمْتُ سِرًّا بَدَالِي مِنْهُ بِالْكُتْمِ

লাও কুম্ব আ'লামু আন্নি-মা ওয়াক্কেরুহু,
কাতামতু সিররাম্ব বাদা-লি মিন্হ বিল কাতামী ।

❖ অনুঃ যদি আমি জানতাম যে, এরূপ সম্মানিত মেহমানের সম্মান করবনা, তাহলে আমার যেই গোপন রহস্য প্রকাশ হয়ে গেছে তা হেযাব দ্বারা ঢেকে রাখতাম ।

مَنْ لِي بِرِدِّ جِمَاحٍ مِّنْ غَوَايِتِهَا
كَمَا يُرِدُّ جِمَاحُ الْخَيْلِ بِاللَّجْمِ

মান্ লি বে রাদ্দে জেমাহিম্বিন গাওয়া-য়াতিহা,
কামা ইয়ুরাদু জেমাহল খাইলে বিল্লাজামী ।

❖ অনুঃ আমার জন্য এমন কে আছে আমার অবাধ্য নফসকে তার অবাধ্যতা থেকে বিরত রাখবে । যেমনিভাবে অবাধ্য ঘোড়াকে লাগাম দ্বারা বশে রাখা হয় ।

فَلَا تَرْمُ بِالْمَعَاصِي كَسْرَ شَهْوَتِهَا
إِنَّ الطَّعَامَ يُقَوِّى شَهْوَةَ النَّهَمِ

ফালা তারুম বিল মায়াসি কাসরা শাহুওয়াতিহা-
ইন্নাত্বায়ামা ইয়ুকাওয়িয়া শাহুওয়াতান্ নাহামী ।

❖ অনুঃ তুমি গুনাহের কাজ দ্বারা কুপ্রবৃত্তির কামনা ভঙ্গ করতে পারবেনা । কেননা আহাৰ তো তার কুপ্রবৃত্তিকে আরও শক্তিশালী করবে ।

وَالنَّفْسُ كَالطِّفْلِ إِنْ تَهْمَلَهُ شَبَّ عَلَى
حَبِّ الرِّضَاعِ وَإِنْ تَفِطَّمَهُ يَنْفَطِمِ

ওয়ান্ নাফসু কাত্ত্বিফ্লে ইন্তুহমেল্হু শাব্বা আলা-
হুব্বির রাদ্বায়ে ওয়া ইন তাফত্বিম্হু ইয়ানফাত্বেমী ।

❖ অনুঃ নফস শিশুর মত, যতক্ষণ তাকে দুধ পান করাবে সে দুধ পান করতে থাকবে এবং যখন দুধ ছাড়িয়ে দেবে তখন সে ছেড়ে দেবে ।

فَأَصْرِفْ هَوَاهَا وَحَازِرْ أَنْ تُوَلِّيَهُ
إِنَّ الْهَوَى مَاتَوْلَى يُصِمُّ أَوْ يَصِمُّ

ফাস্রিফ্ হাওয়া-হা ওয়া হাযির আন্ তুয়াল্লিয়াহু,
ইন্বাল হাওয়া মা তাওয়াল্লা-ইয়ুস্মি আও ইয়াসিমী ।

❖ অনুঃ তার কামনাকে বাধা দাও এবং তাকে ক্ষমতা দেওয়া থেকে সাবধান থেকো, যেখানে লোভ প্রবৃত্তির চাহিদা অধিক হয় তখন তা ধ্বংস করে দেয় কিংবা দোষী বানিয়ে দেয় ।

وَرَاعِهَا وَهِيَ فِي الْأَعْمَالِ سَائِمَةٌ
وَإِنَّ هِيَ اسْتَحَلَّتِ الْمَرْعَى فَلَاتُسِيمُ

ওয়া রায়িহা ওয়াহিয়া ফিল আ'মালে সায়েমাতুন,
ওয়া ইন হিয়াস্-তাহলাতিল মারয়া-ফালা তুসিমী- ।

❖ অনুঃ তার প্রতি সতর্ক থেকো, উহা আপন আমলে বিচরণকারী প্রাণীর মত, যদি সে বিচরণ ক্ষেত্রকে সুস্বাদু পায় তাহলে তাকে চরতে দিও না ।

كَمْ حَسَنَتْ لَذَّةَ الْمَرْءِ قَاتِلَةً

مِنْ حَيْثُ لَمْ يَدْرِ أَنَّ السَّمَّ فِي الدَّسَمِ

কম্ হাস্সানাত লায্বাতান লিল্ মারয়ে ক্বাতেলাতান,
মিন হাইসু লাম ইয়াদরে আন্নাস্ সাম্মা ফিদাসামী ।

❖ অনুঃ ঐ নফস বারবার স্বাদের বস্তুকে উত্তম মনে করেছে এবং তা মানুষকে হত্যাকারী হয়েছে, কেননা সে জানেনা যে, চর্বিতে বিষ থাকে ।

وَإِخْشَ الدَّسَائِسَ مِنْ جُوعٍ وَمِنْ شَبَعٍ

فَرَبَّ مَخْمَصَةٍ شَرُّ مِنَ التُّخْمِ

ওয়াখ্শাদ্দাসায়েসা মিন জু'য়ি ওয়া মিন শাবায়িন,
ফারুব্বা মাখ্মাসতিন শাররুম মিনাতুখামী ।

❖ অনুঃ আর তুমি ভয় করো ক্ষুধা তৃষ্ণির কারণে নফসের কৌশলকে এবং অধিকাংশ ক্ষেত্রে অভুক্ত থাকা অধিক ভক্ষণ থেকেও মন্দ ।

وَاسْتَفْرِغِ الدَّمْعَ مِنْ عَيْنٍ قَدِ امْتَلَأَتْ
مِنَ الْمَحَارِمِ وَالزَّمَّ حِمِيَةَ النَّدَمِ

ওয়াস্তাকরিগিদাময়া মিন আইনিন ক্বাদ্ এমতেলাআত,
মিনাল মাহারেমে ওয়ালযিম হিম্ ইয়াতান্নাদামী।
❖ অনুঃ নাজায়েয দৃষ্টি দানে পরিপূর্ণ চক্ষু হতে অশ্রু বের কর এবং
রক্ষাকবচ তওবাকে আবশ্যিক করে নাও।

وَخَالَفِ النَّفْسَ وَالشَّيْطَانَ وَأَعْصِيهِمَا
وَإِنْ هُمَا مَخْضَاكَ النَّصْحَ فَاتَّبِعْهُمَا

ওয়া খা-লিফিন্নাফসা ওয়াশ্ শায়ত্বানা ওয়া'সিহিমা,
ওয়া ইন হুমা মাখ্বাছাকান নুস্বা ফাত্তাহিমী।
❖ অনুঃ নফস ও শায়তানের বিরুদ্ধাচরণ ও অমান্য কর এবং যদি
তারা তোমাকে খাঁটি নসিহত করে তাহলে তাদেরকে মিথ্যা জানবে।

وَلَا تَطِغْ مِنْهُمَا خَصْمًا وَلَا حَكَمًا
فَأَنْتَ تَعْرِفُ كَيْدَ الْخَصْمِ وَالْحَكَمِ

ওয়লা তুত্বিয় মিনহুমা খাস্মাও ওয়লা হাকামান,
ফা আস্তা তারেফু কাইদাল খাস্মে ওয়াল হাকামী।
❖ অনুঃ তাদের আনুগত্য করোনা, যদিও তারা তোমার বিপক্ষ হোক বা বিচারক হোক। কেননা
তুমি তো তাদের ধোকা সম্পর্কে জান তারা বিপক্ষ হোক বা বিচারক হোক।

أَسْتَغْفِرُ اللَّهَ مِنْ قَوْلٍ بِلَا عَمَلٍ
لَقَدْ نَسَبْتُ بِهِ نَسْلًا لِيَذَى عَقْمٍ

আস্তাগফেরুল্লাহা মিন ক্বাওলিম্ বেলা-আমালিন,
লাকাদ নাসাবতু বিহি নাস্বলান লে যি ওক্বু-মী।
❖ অনুঃ আল্লাহর কাছে আমল ব্যতীত কথা বলা থেকে ক্ষমা চাই। কেননা আমলবিহীন কথায় যেন
বক্সা নারীর প্রতি সন্তানের সম্বন্ধ করার মত বলা হয়ে যায়।

أَمَرْتُكَ الْخَيْرَ لَكِنْ مَانْتَمَرْتُ بِهِ
وَمَا اسْتَقَمْتُ فَمَا قَوْلِي لَكَ اسْتَقِمْ

আমারতুকাল খাইরা লাকিম্মা তামারতু বিহী,
ওয়ামাস্ তাক্বামতু ফামা কাওলি লাকাস্তাকিমী।
❖ অনুঃ আমি তোমাকে সৎকাজের আদেশ করেছি, অথচ আমি নিজে তা করিনি। যখন আমি
নিজেই ঠিক নাই, তাহলে তোমাকে কিভাবে ঠিক হতে বলব?

وَلَا تَزْوَدْتُ قَبْلَ الْمَوْتِ نَافِلَةً
وَلَمْ أُصِلِّ سِوَى فَرِيضٍ وَلَمْ أُصِبِّ

ওয়লা তাযাওয়াদতু ক্বাবলাল মাওতে লাফেলাতান,
ওয়লাম ওসাল্লি সেওয়া-ফারযিও ওয়লাম আসুমী।
❖ অনুঃ আমি মৃত্যুর আগে কোন নফলকে পাথেয় করে রাখি নাই।
ফরয ব্যতীত কোন নামায রোযাও পালন করিনি।

الْفَصْلُ الثَّالِثُ فِي مَدْحِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ
عَلَيْهِ وَسَلَّمَ

আল ফসলুসসালেসু ফি মাদহে রাসূলিল্লাহি সাল্লাল্লাহু

আলাইহি ওয়া সাল্লাম

তৃতীয় পরিচ্ছেদঃ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের প্রশংসা।

ظَلَمْتُ سُنَّةَ مَنْ أَحْيَى الظَّلَامَ إِلَى
أَنْ اشْتَكَيْتُ قَدَمَاهُ الضَّرِيْمَيْنِ وَرَمِ

যালামতু সুন্নাতা মান আহইয়ায যালামা ইলা-
আনিশ্তাকাত কাদামা-হুদ দুৱরা মিই ওয়ারামী।
❖ অনুঃ আমি তাঁর সুন্নাতের প্রতি যলুম করেছি, রাতে জেগে এবাদত
করতে করতে যাঁর পা মোবারক ফুলে গিয়েছে।

وَشَدَّ مِنْ سَغَبٍ أَحْشَاءَهُ وَطَوَى
تَحْتَ الْحِجَارَةِ كَشْحًا مُتْرَفَ الْأَدَمِ

ওয়া শাদ্দা মিন সাগাবিন আহশায়াহ ওয়া ত্বাওয়া,
তাহতাল হিজ্বারাতি কাশহান মুত্রাফাল আদমী।

❖ অনুঃ যিনি স্বীয় পেট মোবারককে ক্ষুধার কারণে বেঁধে রাখতেন এবং কোমল কোমর মোবারককে পাথরের নীচে চেপে রাখতেন।

وَرَاوَدَتْهُ الْجِبَالُ الشُّمُّ مِنْ زَهَبٍ
عَنْ نَفْسِهِ فَأَرَاهَا أَيَّمَا شَمَمٍ

ওয়া রাওয়াদাতহুল জিবালুশ্ শুম্ম মিন যাহাবিন,
আন্ নাফসিহি ফা-আরাহা আইয়ামা শামামী।

❖ অনুঃ স্বর্ণের উচু পাহাড় তাঁকে আহ্বান করে তাঁর মন ভূলাতে চেয়েছিল। তিনি তাঁদেরকে দেখালেন তাঁর মন কত উচ্ছে ছিল।

وَأَكَّدَتْ زُهْدَهُ فِيهَا ضَرُورَتُهُ
إِنَّ الضَّرُورَةَ لَا تَعْدُوا عَلَى الْعِصْمِ

ওয়া আক্কাদাত যুহদাহ ফিইহা যরুরাতুহু,
ইন্নায্ যারুরাতা লা তা'দু আলাল ইসামী।

❖ অনুঃ তাঁর প্রয়োজন তাঁর তাকওয়াকে আরও মজবুত করেছিল এবং অভাব কখনও তাঁর খোদায়ী সুরক্ষায় ক্ষতি করতে পারেনি।

وَكَيْفَ تَدْعُوا إِلَى الدُّنْيَا ضَرُورَةٌ مَنْ
لَوْلَاهُ لَمْ تَخْرُجِ الدُّنْيَا مِنَ الْعَدَمِ

ওয়া কাইফা তাদ্যু ইলাদ্ দুনিয়া যরুরাতু মান,
লাও লা-হু লাম তাখরুজিদুনিয়া মিনাল আদামী।

❖ অনুঃ আর প্রয়োজন তাঁর পবিত্র সত্ত্বাকে কিভাবে দুনিয়ার প্রতি আহ্বান করবে, যিনি না হলে দুনিয়াও সৃষ্টি হতোনা।

مَحَمَّدٌ سَيِّدُ الْكَوْنَيْنِ وَالتَّقْلَيْنِ
وَالْفَرِيقَيْنِ مِنْ عَرَبٍ وَمِنْ عَجَمٍ

মুহাম্মাদুন সাইয়্যেদুল কাওনাইনি ওয়াস্ সা:ক্বালাইনি,
ওয়াল ফরিক্বাইনি মিন আরবিওঁ ওয়া মিন আজ্বামী।

❖ অনুঃ মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তো দুনিয়া আখেরাত জ্বীন ও মানব জাতির শিরোমনি। তিনি উভয় শ্রেণীর তথা আরব ও আজমের শিরোমনি।

نَبِينًا الْأَمْرُ النَّاهِي فَلَا أَحَدٌ
أَبْرَفِي قَوْلٍ لَامِنَهُ وَلَا نَعَمٌ

নবিয়্যুনা'ল আমেরুন্ নাহি-ফালা-আহাদুন,
আবাররা ফি ক্বাউলে লা মিনহু ওয়ালা নায়ামী।

❖ অনুঃ আমাদের নবী পূণ্য কাজের আদেশদাতা ও পাপ কাজের নিষেধকারী। না ও হ্যাঁ বলায় তাঁর চেয়ে অধিক সং আর কেউ নেই।

هُوَ الْحَبِيبُ الَّذِي تُرْجَى شَفَاعَتُهُ
لِكُلِّ هَوَلٍ مِّنَ الْأَهْوَالِ مُقْتَحِمٌ

হুয়াল হাবীবুল লায়ী তুরজ্বা শাফায়াতুহু,
লে কুল্লি হাউলিম্ মিনাল আহওয়ালে মুক্বতাহিমী।

❖ অনুঃ তিনি আল্লাহর হাবীব যাঁর সুপারিশ লাভের আশা করা যায়, কেয়ামতের দিনের সকল প্রকার ভয়ংকর অবস্থার সময়।

دَعَا إِلَى اللَّهِ فَالْمُسْتَمْسِكُونَ بِهِ
مُسْتَمْسِكُونَ بِحَبْلِ غَيْرِ مُنْفَصِمٍ

দা'আ ইলাল্লাহি ফাল মুস্তামসিকু-না বিহি,
মুস্তামসিকুনা বি-হাবলিন গাইরি মুন্ফাসিমী।

❖ অনুঃ তিনি আল্লাহর পথে আহ্বান করলেন, তাঁকে যারা দৃঢ়ভাবে ধারণ করল, তাঁরা এমন রশিকে ধারণ করেছে যা কখনও ছিঁড়ে যাবার নয়।

فَأَقْ وَالتَّيِّبِينَ فِي خَلْقٍ وَفِي خَلْقٍ
وَلَمْ يَدَانُوهُ فِي عِلْمٍ وَلَا كَرَمٍ

ফাফ্বান নাবিয়ানা ফি খাল্কিওঁ ওয়াফি-খুলুকিন, ওয়ালাম ইয়ুদা-নুহ্ ফি ইল্মিওঁ ওয়ালা কারামী।
❖ অনুঃ সৃষ্টি ও চরিত্রের দিক থেকে তিনি সকল নবী'র শ্রেষ্ঠ, ইলম ও বদান্যতায় কেউ তাঁর ধারে কাছেও — যেতে পারেননি।

وَكَلِّمَهُم مِّن رَّسُولِ اللَّهِ مَلْتَمِسٌ
غَرَفًا مِّنَ الْبَحْرِ أَوْ شِفَا مِّنَ الدِّيمِ

ওয়া কুল্লুম মিরঁ রাসূলিল্লাহি মুলতামিসুন, গারফাম মিনাল বাহরে আও রাশফাম মিনাদ্দিয়ামী।
❖ অনুঃ তাঁদের সকলেই অনুনয় বিনয় রাসূলুল্লাহর কাছে যাচনা করেন সমুদ্র থেকে অঞ্জলি ভরে কিংবা ভারী বর্ষণ থেকে এক চুমুক।

وَوَاقِفُونَ لَدَيْهِ عِنْدَ حَدِّهِمْ

مِّن نَّقْطَةِ الْعِلْمِ أَوْ مِّنْ شَكْلَةِ الْحِكْمِ

ওয়া ওয়াকেফুনা লাদাইহি ইনদা হাদ্দিহিম, মিন নুকত্বাতিল ইল্মে আও মিন শাকলাতিল হিকামী।
❖ অনুঃ তাঁরা সকলেই নিজস্ব মর্যাদা নিয়ে আপন সীমানায় তাঁর সম্মুখে দণ্ডায়মান। তাঁদের মর্যাদা হযুরের (দঃ) ইলমের কিতাবের একটি বিন্দু কিংবা হিকমতের কিতাবের একটি ইরাবের ন্যায়।

فَهُوَ الَّذِي تَمَّ مَعْنَاهُ وَصُورَتُهُ

ثُمَّ اصْطَفَاهُ حَبِيبًا بَارِي النَّسَمِ

ফাহুয়াল্লাযি তাম্মা মা'নাহু ওয়া সুরাতুহু, সুম্মাহু তাফা-হু হাবীবান বারিয়ুন নাসামী।
❖ অনুঃ তিনি সেই নবী যাঁর যাহের ও বাতেন পরিপূর্ণতা লাভ করেছে। অতঃপর সৃষ্টি জগতের স্রষ্টা তাঁকে বন্ধু বলে বেছে নিলেন।

مَنْزَرَهُ عَن شَرِيكَ فِي مَحَاسِنِهِ
فَجَوْهَرُ الْحُسْنِ فِيهِ غَيْرُ مَنَقَسِمٍ

মুনায়্বাহুন আন্ শরী-কিন ফি মাহাসিনিহি, ফা-জাওহারুল হুসনি ফিইহি গাইরু মুনক্বাসিমী।
❖ অনুঃ তাঁর সৌন্দর্য বলিতে অন্য কারো ভাগীদার হওয়া থেকে তিনি পবিত্র। তিনি সৌন্দর্যের মূল, যা অন্যের মধ্যে ভাগ হয়নি।

رَدَعُ مَا ادَّعَتْهُ النَّصَارَى فِي نَبِيِّهِمْ
وَاحْكُم بِمَا شِئْتُمْ مَدْحًا فِيهِ وَاحْتِكُمْ

দা' মা-দ্দায়াতহুন্ নাসা-রা ফি নাবিয়্যিহিম, ওয়াহকুম বিমা শিইতা মাদহান ফিইহি ওয়াহতাকিমী।
❖ অনুঃ নাসারাগণ তাদের নবীর ব্যাপারে যা দাবী করেছিল তা তোমরা ছেড়ে দাও। তাঁর যত গুণগান করতে চাও করো এবং এতে অটল থেকে।

وَأَنْسَبُ إِلَى ذَاتِهِ مَا شِئْتُمْ مِّنْ شَرَفٍ

وَأَنْسَبُ إِلَى قَدْرِهِ مَا شِئْتُمْ مِّنْ عَظَمٍ

ওয়ানসুব ইলা যাতিহি মা শিই'তা মিন শারারফিন, ওয়ানসুব ইলা ক্বাদরিহি মা-শি'তা মিন আযামী।
❖ অনুঃ তাঁর মহান সত্ত্বায় যত চাও মর্যাদা দ্বারা সম্বন্ধিত করো, তাঁর মর্যাদাকে যত চাও মহানত্বের সাথে সম্পর্কিত করো।

فَإِنَّ فَضْلَ رَسُولِ اللَّهِ لَيْسَ لَهُ

حَدٌّ فَيَعْرَبُ عَنْهُ نَاطِقٌ بِفَمٍ

ফা ইন্না ফাদ্বলা রাসূলিল্লাহি লাইসা লাহু, হাদ্দুন ফা ইয়ুরেবু আনহু নাতেক্বুন বিফামী।
❖ অনুঃ কেননা নিশ্চয়ই রাসূলুল্লাহ (দঃ)'র মর্যাদার কোন পরিসীমা নেই। যা কোন বক্তা স্বীয় মুখ দ্বারা বর্ণনা করে শেষ করতে পারে।

لَوْنًا سَبَبَتْ قَدْرَهُ آيَاتُهُ عِظْمًا

أَحْيَىٰ أَسْمَهُ حِينَ يُدْعَىٰ دَارِسَ الرَّمَمِ

লাও নাসাবাত ক্বাদরাহ আয়াতুহ ইয়ামান,
আহইয়া-স্ মুহ্ হিইনা ইয়ুদয়া দারেসর রামামী।

❖ অনুঃ তাঁর মোজেযা যদি তাঁর মর্যাদার ন্যায় সুমহান হতো, তা হলে তাঁর নাম মোবারক নিয়ে আস্থান করলে বিকৃত হাঁড় জীবিত হয়ে যেত।

لَمْ يَمْتَحِنَّا بِمَا تَعَى الْعُقُولُ بِهِ

حِرْصًا عَلَيْنَا فَلَمْ تَرْتَبْ وَلَمْ نِهِم

লাম ইয়ামতাহিন্না বিমা তা'ইয়াল উকুলু বিহি,
হিরসান আলাইনা ফালাম্ তারতাব্ ওয়ালাম ন্নাহামী।

❖ অনুঃ তিনি আমাদেরকে এমন আহকাম দ্বারা পরীক্ষায় ফেলেননি, যা আমাদের বুদ্ধিকে বিব্রত করে। আমাদের উপর পূর্ণ অনুগ্রহ করেছেন। সুতরাং আমরা কখনো দীর্ঘ সংশয়ে পতিত হয়নি।

أَعْيَى الْوَرَىٰ فَهَمُّ مَعْنَاهُ فَلَيْسَ يُرَىٰ

لِلْقُرْبِ وَالْبَعْدِ فِيهِ غَيْرٌ مُنْفَجِمٍ

আ'ইয়াল ওয়ারা ফাহমা মা'নাহ্ ফা লাইছা ইয়ুরা,
লিল কুরবি ওয়াল বু'দি ফিইহি গাইরু মুনফাহিমী।

❖ অনুঃ তাঁর গুপ্ত রহস্য অনুধাবন করতে বিশ্বজগত অপারগ হয়ে গেছে। সুতরাং নিকট বা দূরের সকলকেই তাঁকে অনুধাবনে নির্বাক দেখা গেছে।

كَالشَّمْسِ تَظْهَرُ لِلْعَيْنَيْنِ مِنْ بَعْدِ

صَغِيرَةٍ وَتَكِلُّ الطَّرْفَ مِنْ أَمَمٍ

কাশশামসি তাযহারু লিল আইনাইনি মিম্ বুউদিন,
সাগিরাতাও ওয়া তাকিল্লুত ত্বারফু মিন্ আমামী।

❖ অনুঃ তিনি তো সূর্যের ন্যায়, যা দূর হতে চোখে অত্যন্ত ক্ষুদ্র দেখায়। নিকট থেকে তাকালে চোখের দৃষ্টি নিস্তেজ হয়ে যায়।

وَكَيْفَ يُدْرِكُ فِي الدُّنْيَا حَقِيقَتَهُ

قَوْمَ نِيَامٍ تَسَلُّوا عَنْهُ بِالْحُلْمِ

ওয়া কাইফা ইয়ুদরেকু ফিদ্দুনিয়া হাক্বীক্বাতাহ্,
কাওমুন নিয়ামুন তাসাল্লু-আন্হু বিল হুলুমী।

❖ অনুঃ দুনিয়ায় তাঁর হাক্বীকত কিভাবে অনুধাবণ করতে পারবে, যে মানবজাতি তাঁর সম্পর্কে ঘুমন্ত থেকে স্বপ্নে দেখেই স্বান্তনা পায়?

فَمَبْلَغُ الْعِلْمِ فِيهِ أَنَّهُ بَشَرٌ

وَأَنَّهُ خَيْرٌ خَلَقَ اللَّهُ كَلِّهِمْ

ফামাব্লাগুল ইল্মে ফিইহি আন্নাহ্ বাশারুন্ন,
ওয়া আন্নাহ্ খাইরু খাল্কিল্লাহি কুল্লিহিমী।

❖ অনুঃ সকলের ইলমের সারকথা হচ্ছে তিনি একজন মানুষ, অথচ নিশ্চয়ই তিনি আল্লাহর সকল সৃষ্টির সেরা।

وَكُلُّ أَيْ اتَى الرَّسُلَ الْكِرَامُ بِهَا

فَإِنَّمَا اتَّصَلَتْ مِنْ نُورِهِ بِهِمْ

ওয়া কুল্লু আয়িন আতার রুসুলুল কিরামু বিহা,
ফা ইন্নামাত তাসালাত মিন নুরিহি বিহিমী।

❖ অনুঃ সম্মানিত নবী রাসূলগণ যে সকল মোজেযা নিয়ে এসেছিলেন, তা সবই তাঁরা নবীজীর নূরের কারণেই লাভ করেছেন।

فَإِنَّهُ شَمْسٌ فَضِلُّ هُمْ كَوَاكِبُهَا

يُظْهِرُنْ أَنْوَارَهَا لِلنَّاسِ فِي الظُّلَمِ

ফা ইন্নাহ্ শামসু ফদ্বলিন হুম কাওয়াকিবুহা,
ইয়ুযহিরনা আনওয়ারায়া লিন্না-সি ফিয্য়লামী।

❖ অনুঃ তিনি তো মর্যাদার রবি, অন্য সকল নবীগণ তারকা সদৃশ। যাঁরা মূর্খতার অন্ধকারে ঐ সূর্যের নূর মানুষের কাছে প্রকাশ করে।

حَتَّىٰ إِذَا طَلَعَتْ فِي الْكَوْنِ عَمَّ هَدَا
هَا الْعَالَمِينَ وَأَحْيَتْ سَائِرَ الْأُمَمِ

হাত্তা ইয়া ত্বালায়াত ফিল কাওনি আম্মা হদা-
হাল আলামীনা ওয়া আহইয়াত সাযিরাল উমামী।

❖ অনুঃ অবশেষে যখন ঐ সূর্য ধরায় উদিত হলো, উহার হেদায়তের কিরণ গোটা জগতকে শামিল করলো এবং সকল উম্মতগণকে তা জীবিত করে দিল।

أَكْرَمَ بِخَلْقِ نَبِيِّ زَانَهُ خَلْقٍ
بِالْحُسْنِ مُشْتَمِلٌ بِالْبَشْرِ مَتَّسِمٌ

আকরিম বি খাল্কি নাবিয়্যিন যানাছ খুলুকুন,
বিল হুসনি মুশ্তামিলুন বিল বাশ্বরে মুত্তাসিমী।

❖ অনুঃ নবীজীর সৃষ্টি কতইনা অনুপম, যাকে উত্তম চরিত্র মাধুর্য সাজিয়ে তুলেছে। তাঁর শোভামণ্ডিত দেহ মোবারক ও হাস্যপূর্ণ মুখমণ্ডল মোবারক অতুলনীয়।

كَالزَّهْرِ فِي تَرْفٍ وَالْبَدْرِ فِي شَرَفٍ
وَالْبَحْرِ فِي كَرَمٍ وَالذَّهْرِ فِي هَمَمٍ

কায্যাহরি ফি তারাফিও ওয়াল্ বাদরি ফি শারাফিন,
ওয়াল বাহরি ফি কারামিও ওয়াদ্দাহরে ফি হিমামী।

❖ অনুঃ তাঁর কোমলতা ফুলের মতো, মর্যাদায় যেন পূর্ণিমার চাঁদের ন্যায়, দানশীলতায় সাগরের ন্যায় এবং সাহসিকতায় যুগের ন্যায়।

كَأَنَّهُ وَهُوَ فَرْدٌ فِي جَلَالَتِهِ

فِي عَسْكَرٍ جَيْنَ تَلْقَاهُ وَفِي حَشَمٍ

কা আন্বাহ ওয়া হুয়া ফারদুন ফি-জালালাতিহী,
ফি আসকারিন হিইনা তাল্কা-হ ওয়া ফি হাশামী।

❖ অনুঃ তিনি যেন স্বীয় মহিমায় একক, সেনাদলের সাথে যখন তাঁর সাক্ষাৎ করা হয় এবং যেন স্বীয় লোকজনসহ রয়েছেন।

كَأَنَّمَا اللَّوْلُوُ الْمَكْنُونُ فِي صَدْفٍ
مِنْ مَعْدَنِي مَنْطِقٍ مِنْهُ وَمُبْتَسِمٍ

কা আন্বামাল্ লু-লুউল্ মাকনুনু ফি সাদাফিন,
মিন মা'দানাই মান তিকিম্ মিনহ ওয়া মুবতাসিমী।

❖ অনুঃ কথা বলার ও হাস্যর সময় তাঁর মুখ মোবারকে দাঁত মোবারক গুলো যেন আকরেতে ঝিণুকে রক্ষিত মুক্তার মত।

لَا طِيبَ يَعْدِلُ تَرْبًا ضَمَّ أَعْظَمَهُ
طَوْبِي لِمُنْتَشِقٍ مِنْهُ وَمُلْتَمِمْ

লা ত্বিইবা ইয়াদেলু তুরবান দ্বাম্মা আ'যামাহ,
তু-বা লি মুত্তাশিকিম্ মিনহ ওয়া মুল্তাসিমী।

❖ অনুঃ তাঁর শরীর মোবারকের সাথে যেই মাটি স্পর্শ করেছে তাঁর তুল্য কোন সুগন্ধি নেই। স্বার্থকতা ঐ ব্যক্তির জন্য যে ঐ মাটি মোবারক গুঁকেছে এবং চুমু খেয়েছে।

الْفَصْلُ الرَّابِعُ فِي مَوْلِدِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ

আল্ ফসলুর রাবিয়ু ফি মাওলিদিন নাবিয়্যি সাল্লাল্লাহু

আলাইহি ওয়া সাল্লাম

চতুর্থ পরিচ্ছেদঃ নবী করিম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের
শুভাগমনের বর্ণনা।

أَبَانَ مَوْلِدَهُ عَنْ طِيبٍ عَنَصْرِهِ

يَاطِيبُ مُبْتَدَأٌ مِنْهُ وَمُخْتَمِمٌ

আবা-না মাওলিদুহ আন ত্বিইবি উনসুরিহি,
ইয়া ত্বিইবা মুবতাদা ইম্ মিনহ ওয়া মুখতাতামী।

❖ অনুঃ তাঁর শুভজন্মান্বক্ষণ তাঁর পবিত্রতর উৎসের প্রকাশ করেছে। সুবহানাল্লাহু তাঁর সূচনা ও সমাপ্তি কতই পবিত্র।

يَوْمَ تَفْرَسُ فِيهِ الْفَرَسُ أَنَّهُمْ
قَدْ أَنْذَرُوا بِحُلُولِ الْبُؤْسِ وَالنِّقَمِ

ইয়াওমুন তাফাররাসা ফিইহিল ফুরসু আন্লাহম,
ক্বাদ উনযিরু বিহুলু-লিল বু'সি ওয়ান্নিক্বামী।

❖ অনুঃ ঐ দিন পারস্য বাসীগণ বুঝতে পারল যে, তাদেরকে ভীতি প্রদর্শন করা হয়েছে বিপদ শাস্তি তাদের উপর আসার।

وَبَاتِ أَيُّوَانُ كِشْرَى وَهُوَ مُنْصَدِعٌ
كَشْمَلِ أَصْحَابِ كِشْرَى غَيْرِ مُلْتَمِ

ওয়া বা-তা আইওয়ানু কিস্রা ওয়াহয়া মুন্সাদিয়ুন,
কা শাম্‌লি আসহাবি কিসরা গাইরু মুলতায়িমী।

❖ অনুঃ পারস্য সম্রাটের প্রাসাদে তাঁর আতঙ্ক ফাটল ধরল। যেমনিভাবে তার বন্ধু ও সাহায্যকারীরা বিচ্ছিন্ন হয়ে গেল, তারা সুগঠিত শক্তিশালী থাকলনা।

وَالنَّارُ خَامِدَةٌ الْأَنْفَاسِ مِنْ أَسْفِ
عَلَيْهِ وَالنَّهْرُ سَاهِي الْعَيْنِ مِنْ سَدَمِ

ওয়ান্নারু খামিদাতুল আনফা-সি মিন আসাফিন,
আলাইহি ওয়ান্নাহরু সাহিল আইনি মিন সাদামী।

❖ অনুঃ তাদের সকল অগ্নিকুণ্ড তার জন্য আফসোস করে নিভে গেল, আর কোন নিঃশ্বাস নিলনা। নদীও বিষন্নতায় শুকিয়ে গেল।

وَسَاءَ سَاوَةٌ أَنْ غَاضَتْ بِحَيْرَتُهَا
وَرَدَّ وَارِدُهَا بِالْغَيْظِ حِينَ ظَمِ

ওয়া সা-আ সাওয়াতা আন গা-দ্বাত বুহাইরাতুহা,
ওয়া রুদ্বা ওয়া-রিদুহা বিলগাইযি হিইনা যামী।

❖ অনুঃ সাওয়া নগরী কত যে পেরেশান, তার পানি শুকিয়ে গেছে। তার ঘাট থেকে তৃষ্ণার্ত হয়ে ক্রোধে ফিরে যায়।

كَانَ بِالنَّارِ مَا بِالْمَاءِ مِنْ بَلِّ
حُزْنًا وَبِالْمَاءِ مَا بِالنَّارِ مِنْ ضَرَمِ

কাআন্বা বিন্নারি মা বিল মাই মিম্ বালালিন,
হুযনাও ওয়াবিল মা-ই-মা বিন্নারি মিন দ্বারামী।

❖ অনুঃ যেন আগুণ দুঃখে পানি হয়ে গেছে, যেন পানি অদ্র হয়ে গেছে। আবার পানি দুঃখে এমন উত্তপ্ত হয়ে গেছে, যেন তা আগুণ হয়েছে, যেন তা শুষ্ক মাটি।

وَالجِنُّ تَهْتِفُ وَالْأَنْوَارُ سَاطِعَةٌ
وَالْحَقُّ يَظْهَرُ مِنْ مَعْنَى وَمِنْ كَلِمِ

ওয়াল জিনু তাহতিফু ওয়াল আনওয়ারু সাত্বিয়াতুন,
ওয়াল হাক্কু ইয়াযহারু মিম্ মা'নাও ওয়া মিন কালিমী।

❖ অনুঃ জিনেরা আওয়াজ দিচ্ছিল এবং উজ্জ্বল হলো নূর সমূহ। আর হক্কু তথা নবুয়তের প্রকাশ হচ্ছিল অর্থমালায় ও শব্দ রাজিতে।

عَمُوا وَصَمُّوا فَأَعْلَانُ الْبَشَائِرِ لَمْ
تُسْمَعْ وَبَارِقَةٌ الْإِنْدَارِ لَمْ تُشَمِّ

আম্মু-ওয়া সাম্মু-ফা-ই-লানুল বাশাইরে লাম,
তুস্মা'ওয়া বারিক্বাতুল ইনযা-রি লাম তুশামী।

❖ অনুঃ কাফেরগণ অন্ধ ও বধির হয়ে গেল। তারা সুসংবাদের প্রচার শুনলনা। সতর্কতার বিদ্যুৎঝলক তাদের দৃষ্টিতে পড়লনা।

مِنْ بَعْدِ مَا أَخْبَرَ الْأَقْوَامَ كَاهِنُهُمْ
بِأَنَّ رَيْنَهُمُ الْمَعُوجُ لَمْ يَقُمْ

মিম্ বাদি মা আখবারাল আক্বওয়াম কাহিনুহম,
বিআন্বা দ্বীনাহমুল মু'ওয়াজ্জা লাম ইয়াক্বামী।

❖ অনুঃ কওমদেরকে তাদের গনকগণ সতর্কতার কথা শুনানোর পরও যে, তাদের বিকৃত ধর্ম এমন হয়ে গেছে যে তা আর টিকবেনা।

وَبَعْدَ مَا عَيْنُونَا فِي الْأَفْقِ مِنْ شُهُبٍ
مُنْقَضَةٍ وَفَقَّ مَا فِي الْأَرْضِ مِنْ صَنَمٍ

ওয়া বা'দা মা আ'ইয়ানু-ফিল উফুক্‌ মিন শুহুবিন,
মুনক্বুদ্দাতিও ওয়াফ্‌কা মা ফিল আরডি মিন সানামী।
❖ অনুঃ তারা আকাশে উজ্জ্বল তারকা খসে পড়তে দেখেও অনুরূপ
ভাবে পৃথিবীতে প্রতিমা গুলো ধসে যেতে দেখার পরও।

حَتَّىٰ غَدَا عَنْ طَرِيقِ الْوَحْيِ مُنْهَزِمٌ
مِنَ الشَّيَاطِينِ يَقْفُو إِثْرَ مُنْهَزِمٍ

হাত্তা-গাদা-আন্ ত্বারিক্বিল ওয়াহ্-ইয়ে মুনহাযিমুন,
মিনাশ্ শায়াত্বীনে ইয়াক্বফু-ইস্‌রা মুনহাযিমী।
❖ অনুঃ এভাবে তারা অহীর রাস্তা ছেড়ে গোমরাহী বেছে নিল।
শয়তানের দল একের পর এক পালিয়ে যেতে লাগল।

كَانَهُمْ هَرَبًا أَبْطَالُ أَبْرَهَةَ
أَوْ عَسْكَرًا بِالْحَصَىٰ مِنْ رَّاحَتِيهِ رُمٍ

কা-আন্বাহম হারাবান আবত্বালু আবরাহাতিন,
আও আসকারুন বিল হাসা মিররাহাতাইহি রুমী।
❖ অনুঃ যেন তারা পলানোতে বীর আবরাহাহর সেনাদলের মতো। কিংবা এমন বাহিনী যার উপর
তিনি স্বীয় হাত মোবারক দ্বারা কংকর নিক্ষেপ করেছিলেন।

نَبَذًا بِهِ بَعْدَ تَسْبِيحِ بَبْطِنِهِمَا

نَبَذًا الْمُسْبِحِ مِنْ أَحْشَاءِ مُلْتَقِمٍ

নাবযাম্ বিহি বা'দা তাসবীহিম্ বি বাত্বনিহিমা,
নাবযাল মুসাব্বিহি মিন আখ্‌শা-ই-মুলতাক্বিমী।
❖ অনুঃ হাত মোবারকের মধ্যে তসবীহ বলার পর ঐ কংকরগুলো নিক্ষেপ করা হয়েছিল। যেভাবে
তাসবীহ হযরত ইউনুছ (আঃ) মাছের পেটে পাঠ করেছিলেন।

الْفَصْلُ الْخَامِسُ فِي ذِكْرِ يَمِّنِ دَعْوَتِهِ صَلَّى اللَّهُ
عَلَيْهِ وَسَلَّمَ

আল ফসলুল খামিসু ফি যিকরি ইয়ুমনি দা'ওয়াতিহি
(সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)

পঞ্চম পরিচ্ছেদঃ রাসূলুল্লাহ (দঃ) এর দ্বীনের প্রতি বরকতময়
দাওয়াতের বর্ণনা।

جَاءَتْ لِدَعْوَتِهِ الْأَشْجَارُ سَاجِدَةً
تَمْشِي إِلَيْهِ عَلَى سَاقٍ بِالْأَقْدَمِ

জ্বাত লিদা'ওয়াতিহিল আশজারু সাজি দাতান,
তামশি-ইলাইহি আলা সাক্বিম্ বিলা ক্বাদামী।
❖ অনুঃ তাঁর আহ্বানে সাড়া দিয়ে সিজদা করে বৃক্ষরা ছুটে এসেছিল,
পা ব্যতীত কাণ্ডের উপর হেঁটে তাঁর কাছে এসেছিল।

كَانَ مَا سَطَرَتْ سَطْرًا لَمَّا كَتَبَتْ

فَرُوعَهَا مِنْ بَدِيعِ الْخَطِّ فِي اللَّقَمِ

কা-আন্বামা সাত্বারাত সাত্বরাল্ লিমা কাতাবাত,
ফুরু-ওহা মিন বাদীযীল্ খাত্বে ফিল্লাক্বামী।
❖ অনুঃ যেন ঐ বৃক্ষরাজির ডালপালাগুলো রাস্তার মধ্যখানে একটি
সুশোভিত লিপিতে তাঁর গুণগান লিখেছিল।

مِثْلُ الْغَمَامَةِ أَنَّى سَارَ سَائِرَةٌ

تَقِيهِ حَرٌّ وَطَيْسٌ لِلْهَجِيرِ حَمِي

মিসলুল গামামাতি আন্বা সা-রা সায়িরুহ্,
তাক্বীইহি হাররা ওয়া ত্বী-সি লিল্ হাজীরে হামী।
❖ অনুঃ মেঘের টুকরার ন্যায় যে গুলো তিনি যেখানে যান সেখানে তাঁর সাথে সাথে চনতে তাকে ওই
মেঘ গ্রীষ্মের দ্বিপ্রহরের ঝরতাপ থেকে ছায়া দ্বারা হেফযত করত।

أَقْسَمْتُ بِالْقَمَرِ الْمُنَشَّقِ إِنَّ لَهُ
مِنْ قَلْبِهِ نَسْبَةً مَبْرُورَةَ الْقَسَمِ

আক্‌সামতু বিল ক্বামারিল মুনশাক্কি ইন্নালাহ্,
মিন ক্বালবিহি নিসবাতাম্ মাবরুরাতাল ক্বাসামী।

❖ অনুঃ আমি খণ্ডিত চন্দ্রের কসম করে বলছি যে, তার সাথে
রাসূলের (দঃ) ক্বলব মোবারকের সম্পর্ক রয়েছে।

وَمَاحَوَى الْغَارُ مِنْ خَيْرٍ وَمِنْ كَرَمٍ
وَكُلُّ طَرْفٍ مِّنَ الْكُفَّارِ عَنْهُ عَمِي

ওয়ামা হাওয়াল গারু মিন খাইরিও ওয়ামিন কারামিন,
ওয়া কুল্লু তারফিম্ মিনাল কুফ্‌ফারি আনহু আমী।

❖ অনুঃ কত কল্যাণ ও মর্যাদা একত্রিত করেছিল ঐ গুহা (গারে সাওর) কাফেরদের সকল
দৃষ্টিশক্তি অন্ধ হয়ে গিয়েছিল। অর্থাৎ তারা তাঁকে দেখেনি।

فَالصِّدْقُ فِي الْغَارِ وَالصِّدِّيقُ لَمْ يَرِيَا
وَهُمْ يَقُولُونَ مَا بِالْغَارِ مِنْ أَرَمٍ

ফাস্‌সিদকু ফিল্ গা-রি ওয়াস্‌ সিদ্দীকু লাম ইয়ুরিয়া,
ওয়াহম ইয়াকুলু-না মা বিল গা-রি মিন ইরামী।

❖ অনুঃ অতঃপর ঐ গুহায় সত্য নবীজী ও তাঁর সাথী ছিদ্দীক ছিলেন।
তাঁদেরকে দেখা যাচ্ছিলনা। কাফেররা বলতে থাকে যে, গুহায় কেউ নেই।

ظَنُّوا الْحَمَامَ وَظَنُّوا الْعَنْكَبُوتَ عَلَى
خَيْرِ الْبَرِيَّةِ لَمْ تَنْسُجْ وَلَمْ تَحْمِ

যানুল হামামা ওয়া যানুল আনকাবুতা আলা,
খাইরিল বারিয়াতি লাম তান্সুজ ওয়ালাম তাহমী।

❖ অনুঃ তারা ধারণা করল, শ্রেষ্ঠ নবীর (দঃ) ওপর কবুতর ডিম
দিতনা এবং মাকড়সা জাল বুনতনা, যদি তিনি সেখানে থাকতেন।

وَقَايَةُ اللَّهِ اغْنَتْ عَنْ مُضَاعَفَةِ
مِنَ الدَّرْوَعِ وَعَنْ عَالٍ مِنَ الْأَطْمِ

বিকায়াতুল্লাহি আগ্নাত আন মুদ্বাআফাতিন,
মিনাদ্‌ দুৱুয়ি ওয়া আন আ-লিন মিনাল উতুমী।

❖ অনুঃ আল্লাহর হেফায়ত শত বর্ম পরা এবং উচ্চ দুর্গে আশ্রয় লওয়া
থেকে তাঁকে বেপরোয়া করেছে।

مَا سَامَنِي الدَّهْرُ ضَيْمًا وَإِسْتَجَرْتُ بِهِ
إِلَّا وَنَلْتُ جَوَارًا مِّنْهُ لَمْ يُضْمِ

মা সা-মানিদাহরু দ্বা-ইমাঁও ওয়াস্‌ তাজারতু বিহি,
ইল্লা ওয়া নিলতু জ্বাওয়ারাম্ মিনহু লাম ইয়ুদ্বামী।

❖ অনুঃ যখনই আমার উপর কালের দুঃখ দুর্দশা এসেছে এবং আমি তাঁর
আশ্রয় চেয়েছি। তখনই নিরাপত্তা পেয়েছি ও দুর্দশা থেকে রক্ষা পেয়েছি।

وَلَا التَّمَسُّتُ غِنَى الدَّارَيْنِ مِنْ يَدِهِ
إِلَّا اسْتَلَمْتُ النَّدَى مِنْ خَيْرٍ مُسْتَلَمٍ

ওয়ালাতামাস্তু গিনাদ্দারাইনি মিনই ইয়াদিহি,
ইল্লাস্‌ তালামতুন্‌ নাদা-মিনখাইরি মুসতালামী।

❖ অনুঃ আমি যখনই তাঁর কাছে দুনিয়া আখিরাতের প্রার্থ্য চেয়েছি। তখনই আমি ঐ হাত
মোবারকের বদান্যতাকে চুম্বন করেছি যেগুলো সর্বশ্রেষ্ঠ হাত মোবারক।

لَا تُنْكِرُ الْوَحَى مِنْ رُؤْيَاهُ إِنَّ لَهُ
قَلْبًا إِذَا نَامَتِ الْعَيْنَانِ لَمْ يَنِمَّ

লা তুনকিরিল ওয়াহইয়া মির রুইয়া-হু ইন্নালাহ্,
ক্বালবান ইয়া না-মাতিল আইনা-নি লাম ইয়ানুমী।

❖ অনুঃ তাঁর স্বপ্নের অহীকে কখনও অস্বীকার করোনা, কেননা তাঁর এমন
ক্বলব মোবারক রয়েছে যে, পবিত্র নয়ন যুগল ঘুম গেলেও তা ঘুমায়না।

وَذَاكَ حِينَ بُلُوغِ مَنْ نُبُوَّتِهِ
فَلَيْسَ يَنْكُرُ فِيهِ حَالَ مُحْتَلَمٍ

ওয়া যা-কা হিইনা বুলুগিম্ মিন্ নুবুওয়্যাতিহি,
ফা লাইসা ইয়ুনকারু ফিইহি হালু মুহতালামী
❖ অনুঃ ঐ অহী তো নবুয়তে উপনীত হবার সময় এসেছিল। সুতরাং
ঐ সময়ের স্বপ্নকে অস্বীকার করার উপায় নেই।

تَبَارَكَ اللَّهُ مَا وَخَى بِمُكْتَسَبٍ
وَلَا نَبِيٍّ عَلَى غَيْبٍ بِمُتَّهِمٍ

তাবারাকাল্লাহু মা ওয়াহ্ইয়ুম বি মুকতাসাবিন,
ওয়লা নাবিয়্যুন আলা গাইবিম বি মুত্তাহামী।
❖ অনুঃ আল্লাহ্ মহান, অহী তো অর্জন করা যায় না। আর গায়েবের
সংবাদ দেবার কারণে কোন নবীকে অপবাদ দেয়া যাবে না।

آيَاتُهُ الْغُرُّ لَا يَخْفَى عَلَى أَحَدٍ
بِدُونِهَا الْعَدْلُ بَيْنَ النَّاسِ لَمْ يَقُمْ

আয়াতুহুল গুরুরু লা ইয়াখ্ফা আলা আহাদিন,
বি দূউনিহাল আদলু বাইনান্নাসি লাম ইয়াকুমী।
❖ অনুঃ তাঁর মোজেযা সুস্পষ্ট কারো কাছে গোপন নয়, তিনি ব্যতীত
মানুষের মধ্যে ন্যায় বিচার প্রতিষ্ঠিত হয়না।

كَمْ أَبْرَأَتْ وَصِبَابًا لِلْمِسِ رَاحَتُهُ
وَاطْلَقَتْ أَرْبَابًا مِّن رَّبِّقَةِ اللَّمَمِ

কাম আবরাআত্ ওয়াস্বিবাম বিল্লামসি রাহাতুহু,
ওয়া আত্বু লাক্বাত আরবাম মির্ রিবক্বাতিল লামামী।
❖ অনুঃ তাঁর হস্ত মোবারকের পরশে কত রোগীইনা আরোগ্য লাভ করল।
তাঁর হস্ত মোবারকের উসিলায় পাপের বন্ধন থেকে অনেকে মুক্ত হলো।

وَاحْيَيْتِ السَّنَةَ الشَّهْبَاءَ دَعْوَتَهُ
حَتَّى حَكَتْ غُرَّةً فِي الْأَعْصِرِ الدُّهُمِ

ওয়া আহ্ইয়াতিস্ সানাতাশ্ শাহবাবা দা'ওয়াতুহু,
হাত্তা হাকাত গুররাতান ফিল আ'সুরিদু দুহুমী।
❖ অনুঃ তাঁর দোয়ায় খরার বছর সজীব হল। এমনকি কালো যুগে
চমৎকার ও উজ্জ্বল হলো।

بِعَارِضٍ جَادٍ أَوْخَلَّتْ الْبِطَاحَ بِهَا
سَيْبًا مِّنَ الْيَمِّ أَوْ سَيْلًا مِّنَ الْعَرَمِ

বি আরিদ্দিন জ্বাদা আও খিল্তাল বিত্বাহা বিহা-
সাইবাম মিনাল ইয়াম্মে আও সাইলাম মিনাল ইরামী।
❖ অনুঃ মেঘ হতে এমন বৃষ্টি হল, এতে সকল উপত্যকা সমুদ্রের
স্রোত কিংবা বৃষ্টির ঢলে সিক্ত হলো।

الْفَصْلُ السَّادِسُ فِي ذِكْرِ شَرَفِ الْقُرْآنِ

আল ফসলুস সাদিসু ফি যিকরে শরফিল ক্বুরআনে
ষষ্ট পরিচ্ছেদঃ ক্বোরআন মজীদেদে মর্যাদার বর্ণনা।

دَعْنِي وَوَصِفِي آيَاتٍ لَهُ ظَهَرَتْ
ظُهُورَ نَارِ الْقُرَى لَيْلًا عَلَى عِلْمِ

দা'নী ওয়া ওয়াস্ফি আয়াতিন লাহু যাহারাত,
যুহ-রা নারিল কিরা লাইলান আলা আলামী।
❖ অনুঃ আমাকে তাঁর মোজেযার বর্ণনা করার জন্য ছেড়ে দাও, যেগুলো
মেহমানদারীর আগুনের ন্যায় রাতের বেলা পাহাড়ের চূড়ায় প্রকাশ হয়েছিল।

فَالدَّرِيْزَادُ حُسْنًا وَهُوَ مُنْتَظَمٌ
وَلَيْسَ يَنْقُصُ قَدْرًا غَيْرَ مُنْتَظَمٍ

ফাদুররু ইয়াযদাদু হুসনাও ওয়া হুয়া মুন্তাযিমুন,
ওয়া লাইসা ইয়ানকু সু ক্বাদারান গাইরা মুন্তাযিমী।

❖ অনুঃ অতঃপর মুক্তার সৌন্দর্য মালার মধ্যে সজ্জিত থাকা অবস্থায়
বৃদ্ধি পায়। উহার মর্যাদা মালায় না গাঁথলেও কমে না।

فَمَا تَطَاوَلَ أَمَالُ الْمَدِيْحِ إِلَى
مَا فِيهِ مِنْ كَرَمِ الْأَخْلَاقِ وَالشِّيمِ

ফামা-তাত্বাওয়ালা আ-মালুল মদীহে ইলা-
মা ফিইহি মিন কারামিল আখলা-কি ওয়াশ্ শিয়ামী।

❖ অনুঃ সুতরাং প্রশংসাকারীর আকাংখা কেন বৃদ্ধি পাবে না ঐ জিনিসের
প্রতি যা তাঁর সুমহান চরিত্র ও অনুপম আবরণে বিদ্যমান ছিল।

آيَاتُ حَقِّ مِّنَ الرَّحْمَنِ مُحَدَّثَةٌ
قَدِيمَةٌ صِفَةُ الْمُوصُوفِ بِالْقَدَمِ

আয়াতু হাক্কিম্ মিনার রাহমা-নি মুহদাসাতুন,
ক্বদীমাতুন সিফাতুল মাওসুফি বিল্ কিদামী।

❖ অনুঃ দয়াময় আল্লাহর পক্ষ থেকে উহার সত্য আয়াত সমূহ নার্বিলকৃত, যা শব্দ চয়নে নবতর,
এবং অর্থের দিক থেকে চিরন্তন। কেননা উহা চিরন্তন প্রভুর গুণ।

لَمْ تَقْتَرِنَ بِزَمَانٍ وَهِيَ تُخْبِرُنَا
عَنِ الْمَعَارِ وَعَنْ عَادٍ وَعَنْ إِرَامِ

লাম তাক্বতারিম্ বি যামানিও ওয়া হিয়া তুখবিরুনা,
আনিল মায়া-দি ওয়া আন আদিন ওয়া আন ইরামী।

❖ অনুঃ যুগের সাথে সংযুক্ত হয়নি, অথচ তা আমাদেরকে আখিরাত,
আদ ও ইরামের সংবাদ দান করে থাকে।

دَامَتْ لَدَيْنَا فَفَاقَتْ كُلَّ مُعْجَزَةٍ
مِنَ النَّبِيِّينَ إِذْ جَاءَتْ وَلَمْ تَدْمِ

দা-মাত লাদাইনা ফা ফাক্বাত কুল্লু মু'জিয়াতিন,
মিনান নাবিয়্যিনা ইয জ্বা-আত ওয়া লাম তাদুমী।

❖ অনুঃ আমাদের কাছে স্থায়ী আছে, এই মোজেযা সকল নবীদের চেয়ে
শ্রেষ্ঠ হয়েছে। কেননা তাঁদের মোজেযা এসেছে তবে স্থায়ী হয়নি।

مُحْكَمَاتٌ فَمَا يُبَيِّنُ مِنْ شَبِّهِ
لِذِي شِقَاقٍ وَلَا يُبَيِّنُ مِنْ حِكْمِ

মুহকামাতুন ফামা-ইযুবক্বীনা মিন শুবহিন,
লেযি শিক্বা-ক্বিন ওয়ালা ইয়াবগী-না মিন হাকামী।

❖ অনুঃ কোরআনের দৃঢ় ও সুস্পষ্ট আয়াতসমূহে বিরোধকারীর জন্য
তাতে কোন প্রকার সন্দেহ নেই। উহার বিচারকারীর কোন প্রয়োজন নেই।

مَا حَوْرِبَتْ قَطُّ، إِلَّا عَادَ مِنْ حَرْبٍ
أَعْدَى الْأَعَادِي، إِلَيْهَا مُلْقَى السَّلَامِ

মা হু-রিবাত ক্বাত্বুন ইল্লা আ-দা মিন হারাবিন,
আ'দাল আ আদী ইলাইহা মুলক্বাস্ সালামী।

❖ অনুঃ যখনই ঐ আয়াত গুলো সম্পর্কে কেউ ঝগড়া করেছে সে
ফিরে গেছে। সবচেয়ে বড় দুশমনও লড়াই ছেড়ে সন্ধি করেছে।

رَدَّتْ بَلَاغَتُهَا دَعْوَى مَعَارِضِهَا
رَدَّ الْغُيُورِ يَدَ الْجَانِي عَنِ الْحَرَمِ

রাদ্দাত বালা-গাত্বুহা দা'ওয়া মুয়ারিহ্বিহা,
রাদ্দাল গুইযুরে ইয়াদাল জ্বানী আনিল হারামী।

❖ অনুঃ তার অনংকারপূর্ণ ভাষা বিরোধীকে এমনভাবে ফিরিয়ে দিয়েছে, যেমনভাবে পাপী
লোকের হাতকে মর্যাদাবান হেরেম শরীফ হতে ফিরিয়ে দেয়।

لَهَا مَعَانٍ كَمَوْجِ الْبَحْرِ فِي مَدْرِ
وَفَوْقَ جَوْهَرِهِ فِي الْحُسْنِ وَالْقِيمِ

লাহা মায়ানিন কা মাউজিল বাহরে ফি মিদাদিন,
ওয়া ফাউকা জ্বাওহারিহি ফিল হুসনি ওয়াল কিয়ামী।

❖ অনুঃ ঐ আয়াত গুলোর সমুদ্রের পরস্পর সাহায্যকারী তরঙ্গের ন্যায় মর্মার্থ বিদ্যমান। সমুদ্রের মুক্তার চেয়ে তা অধিক সুন্দর ও মূল্যবান।

فَمَا تُمَدُّ وَلَا تُحْصَىٰ عَجَائِبُهَا
وَلَا تُسَامُ عَلَى الْإِكْتَارِ بِالسَّامِ

ফামা তুমাদ্দু ওয়ালা তুহসা আজ্বায়িবুহা,
ওয়ালা তুসা-মু আলাল ইকসারি বিসসা-আমী।

❖ অনুঃ কোরআন মজীদের অত্যাশ্চর্য বিষয়গুলোকে হিসাব ও গননা করা যাবে না। যতই অধিক আলোচনা করবে বিরক্ত হতে হয়না।

قَرَّتْ بِهَا عَيْنٌ قَارِيَهَا فَقَلَّتْ لَهُ
لَقَدْ ظَفَرَتْ بِحَبْلِ اللَّهِ فَاغْتَصِمِ

কাররাত বিহা আইনু কারী-হা ফাকুলতু লাহ,
লাক্বাদ যাক্বারতা বিহাবলিল্লাহি ফা-'তাসিমী।

❖ অনুঃ উহা পাঠকারীর চক্ষু শীতল হয়েছে, আমি তাকে বললাম, তুমি তো সফল হয়েছ। সুতরাং আল্লাহর রজ্জুকে শক্ত করে ধরো।

إِنْ تَتْلُهَا خَيْفَةً مِّنْ حَرِّ نَارٍ لَّظَىٰ
أَطْفَاتٍ حَرِّ لَّظَىٰ مِنْ وَرْدِهَا الْقَيْمِ

ইন তাতলুহা-খী-ফাতাম মিন হাররি নারি লাযা,
আত্বফা-তা হাররা লাযা-মিন বিরদিহাস সিয়ামী।

❖ অনুঃ দোষের আগুনের তাপের ভয়ে যদি আয়াতগুলো পাঠ করো, তাহলে তুমি ঐ আয়াতগুলোর শীতলতা দ্বারা দোষের আগুনকে নির্ভয়ে দিলে।

كَانَهَا الْحَوْضُ تَبِيضُ الْوَجْوهِ بِهِ
مِنَ الْعَصَاةِ وَقَدْ جَاؤُهُ كَالْحَمَمِ

কাআন্বাহাল হাউদু তাবইয়াদু-ল উজুহু বিহি,
মিনাল উসাতি ওয়া ক্বাদ জাউহু কাল হুমামী।

❖ অনুঃ যেন তা এমন হাওজে কাওসারের ন্যায় যার দ্বারা পাপীদের চেহারা উজ্জ্বল হয়। অথচ তারা এসেছে সেখানে কয়লার মতো কাল হয়ে।

وَكَالصِّرَاطِ وَكَالْمِيزَانِ مَعْدِلَةً
فَالْقِسْطُ مِنْ غَيْرِهَا فِي النَّاسِ لَمْ يَقُمْ

ওয়া কাস্ সিরাত-তি ওয়া কাল মীযানি মা'দিলাতান,
ফাল কিসতু মিন্ গাইরিহা ফিন্নাসি লাম ইয়াক্বুমী।

❖ অনুঃ ন্যায় বিচারে তা পুলসিরাত ও মীযানের ন্যায় মর্যাদাবান। মানবজাতির মধ্যে তা ব্যতীত ইনসাফ কখনও কয়েম হয়নি।

لَا تَعْجَبَنَّ لِحَسُودٍ رَاحَ يَنْكِرُهَا
تَجَاهِلًا وَهُوَ عَيْنُ الْحَازِقِ الْفَهْمِ

লা তা'জ্বাবান লি হাসুদির রাহা ইয়ুনকিরুহা,
তাজাহ্লাও ওআ হুয়া আইনুল হা-যিক্বিল ফিহামী।

❖ অনুঃ যে সকল হিংসুক অজ্ঞ সেজে আয়াতগুলো মানেনা তাদের প্রতি আশ্চর্য হয়োনা, যদিও তাদের অনুধাবন ক্ষমতা ও বুদ্ধি থাকে।

قَدْ تَنَكَّرَ الْعَيْنُ ضَوْءَ الشَّمْسِ مِنْ رَمْدٍ
وَيَنْكِرُ الْفَمُ طَعْمَ الْمَاءِ مِنْ سَقَمٍ

ক্বাদ তানকিরুল আইনু দু-আশ্ শামসি মিররামাদিন,
ওয়া ইয়ুনকিরুল ফামু ত্বা'মাল মায়ি মিন সাক্বামী।

❖ অনুঃ চোখে অসুখ হলে তা সূর্যের আলো দেখতে চায়না। রোগের কারণে মুখ পানির স্বাদ নিতে চায়না।

الْفَصْلُ السَّابِعُ فِي ذِكْرِ مِعْرَاجِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ

আল ফসলুস সাবিয়ু ফি যিকরে মি'রাজিন নাবিয়্যে (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)

সপ্তম পরিচ্ছেদঃ মি'রাজুননী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বর্ণনা।

يَا خَيْرَ مَنْ يَمَّمُ الْعَافُونَ سَاحَتَهُ

سَعْيًا وَفَوْقَ مَتُونِ الْأَيْنِقِ الرَّسْمِ

ইয়া খাইরা মাঁই ইয়াম্মামাল আফু-না সাহাতাহু,
সা'ইয়াও ওআ ফাউকা মুতুনিল আইনুক্বির রুসুমী।

❖ অনুঃ ওহে শ্রেষ্ঠজন, যার আঙ্গিনায় ইহসান তলাশ করার জন্য মানুষ প্রত্যাশা করে। পদব্রজে কেউ দৌড়ে আসে কেউবা দ্রুতগামী উটের উপর সওয়ার হয়ে আসে।

وَمَنْ هُوَ الْأَيَّةُ الْكُبْرَى لِمُعْتَبِرٍ

وَمَنْ هُوَ النِّعْمَةُ الْعَظْمَى لِمُعْتَبِرٍ

ওয়া মান হুয়াল আয়াতুল কুবরা লি মু'তাবারিন,
ওয়া মান হুয়ান নি'মাতুল উযমা লি মুগতানামী।

❖ অনুঃ আর ওহে উপদেশ গ্রহণকারীদের জন্য নিদর্শন এবং গনীমত প্রত্যাশীর জন্য বিরাট নেয়ামত।

سَرَيْتَ مِنْ حَرَمٍ لَيْلًا إِلَى حَرَمٍ

كَمَا سَرَى الْبَدْرُ فِي دَاجٍ مِنَ الظُّلَمِ

সারাইতা মিন হারামিন লাইলান ইলা হারামিন,
কামা সারাল বাদরু ফি দাজিম মিনায় যুলামী।

❖ অনুঃ রাতের বেলায় হেরমে মক্কা থেকে হেরমে বাইতুল মুকাদ্দাস পর্যন্ত আপনি ভ্রমণ করে ছিলেন। যেমনিভাবে পূর্ণিমার চাঁদ অঁধার রাতে ভ্রমণ করে।

وَبِتَّ تَرْقَى إِلَى أَنْ نَلْتَّ مَنزِلَةً
مِنْ قَابِ قَوْسَيْنِ لَمْ تُدْرِكْ وَلَمْ تُرْمَ

ওয়া বিত্তা তারকা ইলা আন নিলতা মানযিলাতান,
মিন কাবা কাউসাইনি লাম তুদরাক ওয়ালাম তারুমী।

❖ অনুঃ আপনি শ্রেষ্ঠত্বের এমনই মর্তবা অর্জন করেছেন যে, কাবা কাউসাইনে পৌঁছেছেন। যা কেউ অর্জন করতে পারেনি এবং তার আশাও করতে পারেনা।

وَقَدْ مَتَكَ جَمِيعُ الْأَنْبِيَاءِ بِهَا

وَالرُّسُلُ تَقْدِيمَ مَخْدُومٍ عَلَى خَدَمِ

ওয়া ক্বাদামাতকা জ্বমীযুল আশ্বিয়ায়ি-বিহা,
ওয়ার রুসুলি তাক্বদীমা মাখদু-মিন আলাল্ খাদামী।

❖ অনুঃ সকল নবী ও রাসূল গণ ঐ মর্যাদার কারণে আপনাকে সম্মুখে দিলেন, খাদেমগণ যেভাবে তাদের গুরুকে সামনে রাখে।

وَأَنْتَ تَخْتَرِقُ السَّبْعَ الطَّبَاقَ بِهِمْ

فِي مَوْكِبٍ كُنْتَ فِيهِ صَاحِبَ الْعِلْمِ

ওয়া আনতা তাখতারিকু স সাবয়াত ত্বিবাকা বিহিম,
ফি মাওকাবিন কুত্তা ফিইহি সাহিবাল আলামী।

❖ অনুঃ আপনি তাঁদেরকে নিয়ে সাত আসমান ভেদ করে চলে গিয়েছিলেন এবং আপনিই সেখানে সম্মুখে নিশানধারী ছিলেন।

حَتَّى إِذَا لَمْ تَدْعُ شَاوًا لِمُسْتَبَقٍ

مِنَ الدُّنْيَا وَلَا مَرَقَى لِمُسْتَنِمٍ

হাত্তা ইয়া লাম্ তাদা' শাওয়ান লি মুস্তাবিক্বিন,
মিনাদ দুনুবি ওয়ালা মারক্বান লি মুস্তানিমী-।

❖ অনুঃ এমনকি আপনি অগ্রগামীর কোন লক্ষ্যই বাদ রাখলেন না।
নৈকটে যাবার জন্য এবং উর্ধ্বারোহীর কোন স্তরও বাকী রাখলেন না।

خَفَضَتْ كُلَّ مَقَامٍ بِالْإِضَافَةِ إِذْ
نُودِيَتْ بِالرَّفْعِ مِثْلَ الْمُفْرَدِ الْعَلَمِ

হাফাযতা কুল্লা মা'কা'মিন বিল ইয়া-ফাতি ইয,
নূ-দীইতা বির রাফয়ি মিস্‌লাল মুফরাদিল আলামী।

❖ অনুঃ সকল মর্তবাকে আপনি অন্য সবার চেয়ে নিচু করে দিলেন, যখন
আপনি উর্ধ্বগমনের আহ্বান পেলেন। যেন আপনি একাই সকলের শ্রেষ্ঠ।

كَيْمَاتُ فَوْزٍ بِوَصْلِ آيٍ مُسْتَبْرٍ
عَنِ الْعِيُونِ وَسِرِّ آيٍ مُكْتَنِمِ

কাইমা তাফুযু বিওয়াসলি আইয়িন মুস্তাতিরিন,
আনিল উযু-নি ওয়া সিররিন আইয়ি মুকতানিমী।

❖ অনুঃ আপনি ধন্য হলেন চক্ষুর আড়ালে গোপন মর্যাদাপূর্ণ সাক্ষাত
লাভ এবং এমন রহস্য দ্বারা যা অত্যন্ত গোপনীয়।

فَخَرَّتْ كُلَّ فِخَارٍ غَيْرَ مُشْتَرِكِ
وَجَزَّتْ كُلَّ مَقَامٍ غَيْرَ مُزْدَحَمِ

ফাখারতা কুল্লা ফিখারিন গাইরা-মুশ্তারেকিন,
ওয়া জুযতা কুল্লা মা'কা'মিন গাইরা মুয্দাহিমী।

❖ অনুঃ আপনি গৌরবময় এমন মর্যাদা অর্জন করেছেন যাতে কেউ শরিক নেই এবং প্রত্যেক
মকাম আপনি অতিক্রম করেছেন। যেখানে অন্য কেউ নেই।

وَجَلَّ مَقْدَارُ مَا وُلِّيتَ مِنْ رُتَبٍ
وَعَزَّ إِدْرَاكُ مَا وُلِّيتَ مِنْ نَعَمٍ

ওয়া জ্বাল্লা মিক্দাদা-রু মা উল্লিইতা মিররুতাবিন,
ওয়া আয্যা ইদ্‌রাকু মা উলিইতা মিন নিয়ামী।

❖ অনুঃ আপনি যে মর্যাদা লাভ করেছেন তা পরিমানে অত্যন্ত বিরাট। আপনাকে যত নেয়ামত
প্রদান করা হয়েছে, অন্য কেউ তত নেয়ামত পায়নি।

بُشْرَى لَنَا مَعَشَرَ الْإِسْلَامِ إِنَّ لَنَا
مِنَ الْعِنَايَةِ رُكْنًا غَيْرَ مُنْهَدِمٍ

বুশরা লানা মা'শারাল ইসলামি ইন্বালানা,
মিনাল ইনায়তি রুকনান গাইরা মুনহাদিমী।

❖ অনুঃ হে মুসলিম সমাজ, আমাদের জন্য অনেক শুভসংবাদ রয়েছে।
আমাদের জন্য এমন আশ্রয়ের খুঁটি রয়েছে যা কখনও বিনষ্ট হবেনা।

لَمَّا دَعَا اللَّهُ دَاعِيَنَا لِطَاعَتِهِ
بِأَكْرَمِ الرُّسُلِ كُنَّا أَكْرَمَ الْأُمَمِ

লাম্মা দা'আল্লাহ দায়ীনা-লিত্বায়াতিহি,
বিআকরামির রুসুলি কুল্লা আকরামাল ওমামী।

❖ অনুঃ যখন আল্লাহ আমাদের দাওয়াত দাতাকে তার আনুগত্যের জন্য সর্বশ্রেষ্ঠ রাসূল হিসেবে
আহ্বান করলেন, তখন আমরা সর্বশ্রেষ্ঠ উম্মত হলাম।

الْفَصْلُ الثَّامِنُ فِي ذِكْرِ جِهَادِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ
وَسَلَّمَ

আল ফসলুস সামিনু ফি যিকরে জিহাদিন নাবিয়্যে (সাল্লাল্লাহু
আলাইহি ওয়া সাল্লাম)

অষ্টম পরিচ্ছেদঃ নবী করিম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের জিহাদের বর্ণনা।

رَاعَتْ قُلُوبَ الْعِدَى أَنْبَاءُ بَعَثَتْهُ
كَنْبَاءُ أَجْفَلَتْ غَفْلًا مِنَ الْغَنَمِ

রা'আত কুলুবুল ইদা আমবাউ বি'সাতিহি,
কানাব্ আতিন আজ্জফালাত্ ওফলাম্ মিনাল গানামী।

❖ অনুঃ শত্রুদের অন্তর তাঁর নবী হিসেবে প্রেরিত হবার সংবাদে ভীত হয়ে গেল। যেমনিভাবে
অমনোযোগী মেঘপাল ভয়ে কেঁপে উঠে (সিংহ বা বাঘের আগমনে)।

مَا زَالَ يَلْقَاهُمْ فِي كُلِّ مَعْتَرِكٍ
حَتَّىٰ حَكَّوْا بِالْقِنَا لَحْمًا عَلَىٰ وَضَمِّ

মা য়ালা ইয়াল্ ক্বা-হ্ম ফি কুল্লি মু'তারাকিন,
হাত্তা হাকাও বিল্ কিনা লাহমান আলা ওয়াদ্বামী ।

❖ অনুঃ প্রতিটি যুদ্ধের ময়দানে তিনি কাফিরদের সাথে জিহাদ করছেন। এমনকি তীরের মধ্যে কাফেরদেরকে এমনই মনে হচ্ছিল যেন তীরগুলোর উপর মাংস লাগানো হয়েছে।

وَدُّوا الْفِرَارَ فَكَادُوا يَغِيْطُوْنَ بِهٖ
أَشْلَاءَ شَالَتْ مَعَ الْعُقْبَانِ وَالرَّحِمِ

ওয়াদ্দু-ল ফিরারা ফাকা-দু ইয়াগবিতু-না বিহি,
আশলাআ শা-লাত মায়াল ইক্বানি ওয়ার রুখামী ।

❖ অনুঃ তারা পালিয়ে যেতে চাইত এবং তাঁর উপর ঈর্ষা করত।
যাদের মাংস বাজপাখি এবং শকুন উপরে নিয়ে গিয়েছিল।

تَمْضَى اللَّيَالِيَّ وَلَا يَدْرُونَ عِدَّتَهَا
مَا لَمْ تَكُنْ مِنْ لَيَالِي الْأَشْهُرِ الْحَرَمِ

তাম্‌দ্বিল লাইয়ালি ওয়াল্লা ইয়াদরু-না ইদ্বাতিহা,
মা লাম তাকুম্ মিন লাইয়ালিল আশহুরিল হরমী ।

❖ অনুঃ বহু রাত অতিবাহিত হয়ে যেত যুদ্ধে, কাফেরগণ তার সংখ্যা জানতনা। যতক্ষণ রাত গুলো
ঐ মাসমূহে না পৌঁছিত যেগুলোতে যুদ্ধ বিধি হারাম।

كَانِمَا الدِّينِ ضَيْفٌ حَلَّ سَاحَتَهُمْ
بِكُلِّ قَوْمٍ إِلَىٰ لَحْمِ الْعِدَىٰ قَرَمِ

কা আন্বামাদ্দি-নু দ্বাইফুন হাল্লা সাহাতাহম,
বিকুল্লি ক্বাওমিন ইলা লাহমিল ইদা কিরামী ।

❖ অনুঃ যেন দ্বীনে ইসলাম তাঁদের ঘরে এমন মেহমান এসেছে যে,
প্রত্যেক কওমকে সাথে নিয়ে শত্রুদের মাংস আহার করছে।

يَجْرُ بَحْرَ خَمِيْسٍ فَوْقَ سَابِحَةٍ
تَرْمِي بِمَوْجٍ مِّنَ الْأَبْطَالِ مُلْتَطِمِ

ইয়াজুররু বাহরা খামিসিন ফাওক্বা সা-বিহাতিন,
তারমী-বি মাওজিম মি-নাল আবত্বালি মুলতাতিমী ।

❖ অনুঃ তিনি দরিয়া সম বিশাল বাহিনীকে দ্রুতগামী ঘোড়ার উপর সওয়ার
হয়ে পরিচালনা করেন। বীরদের তরঙ্গকে থাপ্পড় মেরে অগ্রসর করেন।

مِنْ كُلِّ مُتَّدِبٍ لِلَّهِ مُحْتَسِبِ
يَسْطُو بِمُسْتَا صِلٍ لِلْكَفْرِ مُصْطَلِمِ

মিন কুল্লি মুত্তাদিবিন লিল্লাহি মুহুতাসিবিন,
ইয়াসত্বু বি মুসতাসিলিন লিল কুফরি মুসত্বালিমী ।

❖ অনুঃ আল্লাহর ডাকে প্রত্যেক সাড়াданকারী ও তাঁর দয়ার প্রত্যাশী,
কাফেরদের উপর আক্রমণ করেন কুফরির মূলোৎপাঠন করার জন্য।

حَتَّىٰ غَدَتْ مِلَّةُ الْإِسْلَامِ وَهِيَ بِهِمْ
مِنْ بَعْدِ غُرْبَتِهَا مَوْصُولَةَ الرَّحِمِ

হাত্তা গাদাত মিল্লাতুল ইসলা-মি ওয়া হিয়া বিহিম,
মিম্বা'দি গুরবাতিহা মাওসূলাতার রাহিমী ।

❖ অনুঃ অবশেষে মিল্লাতে ইসলাম যা প্রথমে একাকী ছিল ও কেউই
তাকে জানতনা, উহা স্বীয় আত্মীয়দের সাথে মিলিত হলো।

مَكْفُولَةٌ أَبَدًا مِنْهُمْ بِخَيْرِ أَبِي
وَخَيْرِ بَعْلِ فَلَمْ تَيْتَمَّ وَلَمْ تَيْتَمِ

মাকফুলাতান আবাদাম মিনহম্ বিখাইরি আবিন,
ওয়া খাইরি বা'লিন ফালাম তাইতাম ওয়ালাম তায়িমী ।

❖ অনুঃ ঐ মিল্লাত তাদের দায়িত্বে যেন সর্বদা তা উত্তম পিতা ও
উত্তম স্বামীর সাথে রয়েছে। সুতরাং তা এতিম কিংবা বিধবা হয়নি।

هُمْ الْجِبَالُ فَسَلَّ عَنْهُمْ مَصَارِمَهُمْ
مَاذَا رَأَى مِنْهُمْ فِي كُلِّ مِصْطَدَمٍ

হুমুল জিবা-লু ফাসাল্ আনহুম মাসা-দিমুহুম,
মাযা রাইয়া মিনহুম ফি কুল্লি মুস্তাদিমী।

❖ অনুঃ সেনাদল পাহাড়ের মত, তাদেরকে জিজ্ঞাসা করে কাফেরদের প্রতি আঘাত পৌঁছানোর কথা। তারা প্রতিটি রণক্ষেত্রে তাদের কত শক্তি দেখেছিল।

فَسَلَّ حَنِينًا وَسَلَّ بَدْرًا وَسَلَّ أَحَدًا
فُصُولَ حَتْفٍ لَهُمْ أَذْهَى مِنَ الْوَحْمِ

ফাসাল্ হনায়নান ওয়াসাল্ বাদরান ওয়া সাল্ ওহদান,
ফুসূলা হাতফিল লাহম আদহা মিনাল ওয়াখমী।

❖ অনুঃ হোনায়েন ওহদ ও বদর যুদ্ধকে প্রশ্ন কর যে, কাফেরদের মৃত্যুর মওসুম কলেরা থেকে ও অধিক ভয়াবহ।

الْمُصْدِرِي الْبَيْضِ جُمْرًا بَعْدَ مَا وَرَدَتْ
مِنَ الْعِدَى كُلِّ مُسْوَوٍّ مِّنَ اللَّيْمِ

আল্ মুস্দিরিইল বিইদে হুম্রাম বাদামা ওয়ারাদাত,
মিনাল ঈদা কুল্লু মুসওয়াদিম মিনাল লামামী।

❖ অনুঃ ঐ সাহাবাগণ দুশমনের রক্তে সাদা তরবারিকে লাল করে নির্গতকারী, শত্রুদের সকল কালো চুলধারী (যুবক) দেরকে আঘাত করে।

وَالْكَاتِبِينَ بِسْمْرِ الْخَطِّ مَا تَرَكَتْ
أَقْلَامُهُمْ حَرْفَ جِسْمٍ غَيْرَ مُنْعَجِمٍ

ওয়াল কা-তিবীনা বিসুমরিল খাত্বি মা তারাকাত,
আক্বলামুহুম হারফা জিস্মিন গাইরু মুনআ'জিমী।

❖ অনুঃ তাঁরা তীরের কলমে চিঠি লিখেছে, তাঁদের কলমগুলো শত্রুদের শরীরের কোন অংশ ক্ষত দাগ ছাড়া রেখে দেননি।

شَاكِي السَّلَاحِ لَهُمْ سِيْمًا تُمَيِّزُهُمْ
وَالْوَرْدُ يَمْتَازُ بِالسِّيْمَا مِنَ السَّلْمِ

শাকিস্ সিলাহি লাহম সিইমা-তুমাইয়িয়ুহুম,
ওয়াল ওয়ারদু ইয়ামতা-যু বিস্ সিইমা মিনাস্ সালামী।

❖ অনুঃ তাঁদের অস্ত্র ছিল দেহে, তাঁদেরকে পরখ করার চিহ্ন ছিল। অর্থাৎ ফুল নিশানা দ্বারা চেনা যায় কাঁটায়ুক্ত বৃক্ষ থেকে।

يَهْدِي إِلَيْكَ رِيَّاحَ النَّصْرِ نَشْرُهُمْ
فَتَحْسِبُ الْوَرْدَ فِي الْأَكْمَامِ كُلِّ كَمٍ

ইযুহ্দী ইলাইকা রিয়াহান নাস্রি নাশরুহুম,
ফা তাহসিবুল ওয়ারদা ফিল আকমা-মি কুল্লা কামী।

❖ অনুঃ তাঁদের সুসংবাদগুলো তোমাকে বিজয় বায়ুর উপহার পাঠায়। তখন তুমি মনে করবে প্রত্যেক সৈন্য যেন পদার ভিতর পুষ্পের ন্যায়।

كَانَهُمْ فِي ظُهُورِ الْخَيْلِ بِنْتُ رَبًّا
مِنْ شِدَّةِ الْحَزْمِ لِأَمْنِ شِدَّةِ الْحُرْمِ

কাআন্বাহুম ফি যুহুরিল খাইলে বিস্ত্র রুবান,
মিন শিদ্দাতিল হাযমি লা মিন শিদ্দাতিল খুরমী।

❖ অনুঃ অশ্বের পিটে তাঁরা যেন টিলার উপর গাছের ন্যায়। নিজেদের দৃঢ় বাহাদুরীর কারণে ঘোড়ার গদি ছোট হবার কারণে নয়।

طَارَتْ قُلُوبُ الْعِدَى مِنْ بَاسِهِمْ فَرَقًا
فَمَا تَفَرَّقُ بَيْنَ الْبِهِمِ وَالْبِهِمِ

ত্বা-রাত কুলুবুল ঈদা মিম্ বাসিহিম ফারক্বান,
ফা-মা তুফাররিক্বু বাইনাল বাহমি ওয়াল বুহমী।

❖ অনুঃ শত্রুদের প্রাণ পৃথক হয়ে উড়ে গেছে তাঁদের ভয়ে। তারা বুঝতে পারেনা, ভীক ও সাহসী মেঘ কোনটা।

وَمَنْ تَكُنْ بِرَسُولِ اللَّهِ نُصْرَتُهُ
إِنْ تَلَّقَهُ الْأُسْدُ فِي أَجَامِهِمْ تَجِمُ

ওয়ামান তাকুম বি রাসূলিল্লাহি নুসরাতুহু,
ইন তালক্বাহল ইস্দু ফি আজা-মিহিম তাজিমী।

❖ অনুঃ যার কাছে রাসূলুল্লাহর সাহায্য এসেছে, যদি সিংহ ও তার কাছে আসে তাহলে তাঁর ভয়ে অনুগত হয়ে যাবে।

وَلَنْ تَرَى مِنْ وَلِيِّيْ غَيْرَ مُنْتَصِرٍ
بِهِ وَلَا مِنْ عَدُوِّ غَيْرَ مُنْقَصِمٍ

ওয়া লান তারা-মিও ওয়ালিয়িন গাইরা মুত্তাসিরিন,
বি-হি ওয়ালা মিন আদুওবিন গাইরি মুনক্বাসিমী।

❖ অনুঃ তুমি কখনও তাঁর বন্ধুকে বিজয় না হতে দেখবেনা এবং তাঁর শত্রুদেরকে দেখবেনা টুকরা টুকরা না হতে।

أَحَلَّ أُمَّتَهُ فِي حِرْزِ مِلَّتِهِ
كَاللَّيْثِ حَلَّ مَعَ الْأَشْبَالِ فِي أَجْمٍ

আহাল্লা উম্মাতাহু ফি হিরযি মিল্লাতিহী,
কাল্লাইসি হাল্লা মা'আল আশবা-লি ফি আজামী।

❖ অনুঃ তিনি স্বীয় উম্মতকে স্বীয় মিল্লাতের দূর্গে এমনভাবে রেখেছেন, যেমনিভাবে বাঘ তার ছানাদের নিয়ে ঝোপে নিরাপদ থাকে।

كَمْ جَدَلْتُ كَلِمَاتِ اللَّهِ مِنْ جَدَلٍ
فِيهِ وَكَمْ خَصَّمْتُ الْبُرْهَانَ مِنْ خَصْمٍ

কাম জাদ্দালাত কালিমা-তুল্লাহি মিন জাদ্দালিন,
ফিইহি ওয়া কাম খাস্সামাল বুরহানু মিন খাসামী।

❖ অনুঃ আল্লাহর বাণী বহু বিতর্ককারীদের সাথে ঝগড়া করেছে। সত্য দলীল কত শত্রুকে হারিয়েছে।

كَفَّاكَ بِالْعِلْمِ فِي الْأُمِّيِّ مُعْجَزَةً
فِي الْجَاهِلِيَّةِ وَالتَّارِيْبِ فِي الْيُتْمِ

কাফা-কা বিল ইল্মি ফিল উম্মিইয়ি মু'জিয়াতান,
ফিল জাহিলিয়াতি ওয়াত্ তাদীবে ফিল ইয়ুত্মী।

❖ অনুঃ তোমার জন্য এ মোজেযাই যথেষ্ট যে, নবীয়ে উম্মি জাহেলিয়া যুগে এত এলমের অধিকারী, এতিম হলেও তিনি শ্রেষ্ঠ আদব অর্জন করেছেন।

الْفَصْلُ التَّاسِعُ فِي طَلْبِ مَغْفِرَةٍ مِنَ اللَّهِ تَعَالَى
وَشَفَاعَةِ مَنْ رَسُوْلُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَآلِهِ وَسَلَّمَ

আল ফসলুত তাসিয়ু ফি ত্বালাবে মাগফিরাতিম মিনাল্লাহি

তায়লা ওয়া শাফায়াতিম মির রাসূলিল্লাহি

সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম

নবম পরিচ্ছেদঃ আল্লাহর মাগফিরাত ও রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের শাফা'আত অন্বেষণ করার বর্ণনা।

خَدَمْتَهُ بِمَدِيْحٍ اسْتَقِيلُ بِهِ

زُنُوبَ عُمَرَ مَضَى فِي الشَّعْرِ وَالْخِدْمِ

খাদামতুহু বিমদী-হিন আস্তাকীলু বিহি,

যুনা-বা ওমরিম মাদ্বা ফিশ শে'রে ওয়াল খাদামী।

❖ অনুঃ আমি প্রিয় নবী (দঃ) এর প্রশংসা মূলক কবিতা রচনার মাধ্যমে তাঁর সেবা করলাম যাতে আমার সারা জীবনের কৃত পাপ মাফ হয়ে যায়। অর্থাৎ কবিতা আবৃত্তি করছি এবং তাঁর সেবা করে যাচ্ছি।

إِذْ قُلِدَ إِنِّي مَا تَخْشَى عَوَاقِبُهُ
كَانَتْنِي بِهِمَا هَدَى مِنَ النِّعَمِ

ইয ক্বাল্লাদানী মা তুখশা আওয়াক্বিবুহু,
কা আন্বানি বিহিমা হাদইয়ুম মিনান নাযামী।

❖ অনুঃ কেননা ঐ দু'টো কথা যে গুলোর ভয়ানক পরিণতি আছে, সেগুলো আমার গলায় হার পরিয়ে দিয়েছে। যেন ঐ দু'টো কথার কারণে আমি হাদীর প্রণীর ন্যায়।

أَطَعْتُ غَى الصِّبَافِي الْحَالَتَيْنِ وَمَا
حَصَلْتُ إِلَّا عَلَى الْأَثَامِ وَالنَّدَمِ

আত্ব'তু গাইয়াস সিবা ফিল হা-লাতাইনি ওয়ামা,
হাস্‌সালতু ইল্লা আলাল আ-সামী ওয়ান্নাদামী।

❖ অনুঃ আমি উভয় ক্ষেত্রে বাল্যকালের গোমরাহির অনুসরণ করেছি এবং গুনাহ ও অনুতাপ ছাড়া আর কিছু অর্জন করতে পারিনি।

فِيَا خَسَارَةَ نَفْسِي فِي تِجَارَتِهَا
لَمْ تَشْتَرِ الدِّينَ بِالدُّنْيَا وَلَمْ تَسْمِ

ফা ইয়া খাসা-রাতা নাফসী ফি তিজ্বারাতিহা,
লাম তাশতারিদ্‌ দীনা বিদ্দুনিয়া ওয়ালাম তাসুমী।

❖ অনুঃ আমার নফসের জন্য বড় আফসোস যে, তার ব্যবসায় বিরাট ক্ষতি হয়ে গেল। যেহেতু সে দুনিয়ার পরিবর্তে দীনকে খরিদ করেনি এবং দামাদামিও করেনি।

وَمَنْ يَبِيعُ أَجَلًا مِّنْهُ بِعَاجِلِهِ
يَبِينُ لَهُ الْغَبْنُ فِي بَيْعٍ وَفِي سَلَمٍ

ওয়া মাই-ইয়াবি 'আ-জিলাম মিনহু বি-আজিলিহি,
ইয়াবিন লাহল গাবনু ফি বাইয়িন ওয়া ফি সালামী।

❖ অনুঃ যে ব্যক্তি আখেরাতের বিনিময়ে দুনিয়াকে বিক্রি করে নগদ হোক কিংবা আগাম বিক্রি হোক, তার ক্ষতিই প্রকাশ পাবে।

إِنَّ اتِّ زَنْبًا فَمَا عَهْدِي بِمُنْتَقِيضِ
مِنَ النَّبِيِّ وَلَا حَبْلِي بِمُنْصَرِمِ

ইন আ-তি যাম্বান ফামা আহদি বিমুন্তাক্বি-দ্বিন,
মিনা-ন্বাবিয়্যি ওয়ালা হাবলি বি মুনসারিমী।

❖ অনুঃ যদি আমি গুনাহ করি তবু আমার প্রিয় নবীর (দঃ) সাথে কৃত ওয়াদা কখনও ভঙ্গ হবে না এবং তাঁর সাথে আমার বন্ধনের রজ্ব কখনও ছিড়ে যাবে না।

فَإِنَّ لِي زِمَّةً مِّنْهُ بِتَسْمِيَّتِي
مُحَمَّدًا وَهُوَ أَوْفَى الْخَلْقِ بِالذِّمِّ

ফা ইল্লা লি যিম্মাতাম মিনহু বি তাসমিয়াতি,
মুহাম্মাদাও ওয়া হুয়া আওফাল খাল্কি বিয়্ যিমামী।

❖ অনুঃ কেননা তাঁর পক্ষ থেকে আমার জন্য জিম্মাদারী আছে আমার নাম ও তাঁর নাম মুহাম্মদ হওয়ার কারণে। তিনি সৃষ্টি জগতে সর্বাধিক ওয়াদা পূরণকারী।

إِنَّ لَمْ يَكُنْ فِي مَعَارِي أُخْذًا بِيَدِي
فَضْلًا وَإِلَّا فَقُلْ يَا زَلَّةَ الْقَدَمِ

ইন লাম ইয়াকুন ফি মা'য়াদী-আখেযাম্ বিইয়াদি,
ফাদ্বলাও ওয়া ইল্লা ফাক্বুল ইয়া যাল্লাতাল ক্বাদামী।

অনু- যদি তিনি আখিরাতে অনুগ্রহ করে আমার হাত ধরে না রাখেন, তাহলে বল আমার পদস্থলন কতবার হবে।

حَاشَاهُ أَنْ يُحْرَمَ الرَّاجِي مَكَارِمَهُ
أَوْ يَرْجِعَ الْجَارُ مِنْهُ غَيْرَ مُحْتَرَمٍ

হা-শা-হু আঁই ইয়ুহরামার রা-জী মাকা রিমাহু,
আও ইয়ারজেয়াল জারু মিনহু গাইরা মুহতারামী।

❖ অনুঃ তাঁর দয়ার ও ক্ষমার আশাবাদী কখনও বঞ্চিত হবে না কিংবা তাঁর আশ্রয় গ্রহণকারী অনুরূপভাবে অসম্মানিত হয়ে ফিরে আসেনা।

وَمَنْذُ الزَّمْتِ أَفْكَارِي مَدَائِحَهُ
وَجَدَّتُهُ لِخَلَاصِي غَيْرِ مُلْتَزِمِ

ওয়া মনুষ্য আলযামতু আফকা-রী মাদা-য়েহাছ,
ওয়াজাদতুহ লিখালা-সি গাইরা মুলতায়িমী।

❖ অনুঃ যে দিন থেকে আমার চিন্তাধারায় তাঁর প্রশংসা করাকে
আবশ্যক করে নিয়েছি। আমি তাঁকে আমার মুক্তির জন্য শ্রেষ্ঠ
জামিনদার ও উসিলা হিসেবে পেয়েছি।

وَلَنْ يَفُوتَ الْغِنَى مِنْهُ يَدًا تَرَبَّتْ
إِنَّ الْحَيَا يَنْبِتُ الْأَزْهَارَ فِي الْأَكْمِ

ওয়া লাঁই ইয়াফুতাল গিনা মিনহু ইয়াদান তারিবাৎ,
ইন্নালা হাইয়া ইয়ুমবেতুল আযহা-রা ফিল আকামী।

❖ অনুঃ নিশ্চয় কখনও তাঁর সম্পদের অমুখাপেক্ষিতা হারিয়ে
যাবে না ধূলামলিন হাত থেকে যে তাঁর উসিলা নিয়েছে। কেননা
বৃষ্টির পানি টিলাতেও সবুজ গাছপালা জন্মায়।

وَلَمْ أُرِدْ زَهْرَةَ الدُّنْيَا الَّتِي إِقْتَطَفْتُ
يَدًا زَهْيِيرٍ بِمَا أَثْنَى عَلَيَّ الْهَرَمِ

ওয়ালাম উরিদ যাহরাতাদ্দুনীয়া-ল্ লাতিক্ তাত্বাফাত,
ইয়াদা যুহাইরি বিমা আস্না আলাল হারামী।

❖ অনুঃ আমি তো দুনিয়ার উপকার চাইনি, যে রূপ কবি যুহাইরের
হাত হারম ইবনে হিশামের প্রশংসা করে ফল কুড়িয়ে নিয়েছিল।



الْفَصْلُ الْعَاشِرُ فِي ذِكْرِ الْمُنَاجَاتِ وَعَرَضِ الْحَاجَاتِ
আল ফসলুল আশিরু ফি যিকরিল মুনাযা-তি ওয়া আরদিল

হাজাতে

দশম পরিচ্ছেদঃ মুনাযাত ও হাজত (অভাব) পেশ করা প্রসঙ্গে।

يَا كَرِيمَ الْخَلْقِ مَالِي مَنْ أَلُوذُ بِهِ
سِوَاكَ عِنْدَ حُلُولِ الْحَارِثِ الْعَمَمِ

ইয়া আকরামাল খালকে মালি মান আলু-যু বিহি,
সিওয়া কা ইনদা হুলুলিল হা-দিসিল আমামী।

❖ অনুঃ ওহে সৃষ্টির সেরা দয়াবান আপনি ব্যতীত আশ্রয় নেওয়ার
জন্য আমার আর কেউ নেই, যখন ব্যাপকভাবে দুর্গতি উপস্থিত হবে।

وَلَنْ يَضِيقَ رَسُولَ اللَّهِ جَاهُكَ بِي
إِذَا الْكَرِيمُ تَجَلَّى بِاسْمِهِ مَنَّعِمِ

ওয়া লাঁই ইয়াদ্বিক্বা রাসূলান্নাহি জাহ্কা বী,
ইয়াল করীমু তাজ্বাল্লা বি ইসমে মুন্তাফিমী।

❖ অনুঃ হে আল্লাহর রাসূল আমার জন্য শাফা'আত করলে আপনার
মর্যাদা কখনও খাটো হবে না। যখন দয়ালু আল্লাহ শান্তিদানকারী
হিসেবে আত্মপ্রকাশ করবেন।

فَإِنَّ مِنْ جُودِكَ الدُّنْيَا وَضَرَّتْهَا
وَمِنْ عُلُومِكَ عِلْمُ اللَّوْجِ وَالْقَلَمِ

ফা ইন্না মিন জু-দিকাদ্দুনীয়া ওয়া দ্বাররাতাহা,
ওয়া মিন ওলূমিকা ইলমাল্লাওহে ওয়াল ক্বালামী।

❖ অনুঃ কেননা নিশ্চয়ই দুনিয়া ও আখিরাত আপনার বদান্যতায়
পেয়েছি এবং লওহ ও ক্বলমের ইল্ম তো আপনারই ইল্ম।

يَا نَفْسُ لَا تَقْنَطِي مِنْ زَلَّتِ عَظْمَتُ
إِنَّ الْكَبَائِرَ فِي الْغُفْرَانِ كَاللَّمَمِ

ইয়া নাফসু লা-তাক্বনাত্বী মিন যাল্লাত আযুমাত,
ইন্নালা কাবা-য়িরা ফিল গুফরা-নি কাল্লামামী।

❖ অনুঃ হে অন্তর বড় পদস্থলনের কারণে নিরাশ হয়ো না। নিশ্চয়ই বড় বড় গুনাহ তাঁর ক্ষমায় নগন্য।

لَعَلَّ رَحْمَةَ رَبِّي حِينَ يَقْسِمُهَا
تَأْتِي عَلَى حَسَبِ الْعِصْيَانِ فِي الْقَسَمِ

লা'আল্লা রাহমাতা রাব্বী হিইনা ইয়াক্বসিমুহা,
তা-তী আলা হাসাবিল ইস্য়ানি ফিল ক্বাসামী।

❖ অনুঃ আশা রাখি, আমার প্রভুর রহমত যখন বন্টন করা হবে তখন তা বন্টনে গুনাহ অনুপাতে হবে। যার গুনাহ অধিক হবে তার উপর রহমতও অধিক হবে।

يَارَبِّ وَاجْعَلْ رَجَائِي غَيْرَ مَنعَكِيسٍ
لَدَيْكَ وَاجْعَلْ حِسَابِي غَيْرَ مَنحَرِمٍ

ইয়া রাব্বি ওয়াজ্বয়াল রজ্বায়ী গাইরা মুনয়াকিসিন,
লাদাইকা ওয়াজয়াল হিসাবী-গাইরা মুনহারিমী।

❖ অনুঃ হে আমার পরওয়ারদিগার, আপনার কাছে আমার কামনাকে উল্টো করে দিওনা। আমার হিসাব অর্থাৎ আকাংখাকে ছেদযুক্ত করে দিওনা।

وَالطَّفُ بِعَبْدِكَ فِي الدَّارَيْنِ إِنَّ لَهُ
صَبْرًا مَتَى تَدْعُهُ الْأَهْوَالُ يَنْهَزِمُ

ওয়ালতুফু বি আবদিকা ফিদ্দারাইনি ইন্না লাহু,
সাব্রান মাতা-তাদওহল আহওয়া-লু ইয়ানহাযিমী।

❖ অনুঃ আর স্বীয় বান্দার উপর দু'জাহানে করুণা করুন। কেননা যখন বিপদের বিষয় তাকে ডাক দেয় তখন তার ধৈর্য্য চলে যায়।

وَأَذِّنْ لِصَحْبِ صَلَوةٍ مِنْكَ دَائِمَةً
عَلَى النَّبِيِّ بِمَنْهَلٍ وَمَنْسَجِمٍ

ওয়া-যান লি সুহবি সালা-তিম মিনকা দা-য়িমাতান,
আলান্নাবিয়্যি বিমুনহাল্লিও ওয়া মুনসাজ্জিমী।

❖ অনুঃ আপনি দুরুদ সালামের মেঘমালাকে অনুমতি দিন যেন সর্বদা পরিপূর্ণভাবে অবিরাম তা নবী করিম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর উপর দুরুদ সালামের বৃষ্টি বর্ষণ করে।

وَالْأَلِ وَالصَّحْبِ ثُمَّ التَّابِعِينَ لَهُمْ
أَهْلَ التَّقَى وَالنَّقَى وَالْحِلْمِ وَالْكَرَمِ

ওয়াল আলি ওয়াস সাহ্বি সুম্মাত তাবিয়ীনা লাহুম,
আহলিতুকা ওয়ানুকা ওয়াল হিল্মি ওয়াল কারামী।

❖ অনুঃ তাঁর সমস্ত পরিজন, সাহাবী ও তাবেয়ীদের উপর, যাঁরা ছিলেন তাকওয়া, পূতপবিত্রতা, সহনশীলতা ও দানশীলতার উৎস।

ثُمَّ الرِّضَا عَنْ أَبِي بَكْرٍ وَعَنْ عُمَرَ
وَعَنْ عَلِيٍّ وَعَنْ عَثْمَانَ زِي الْكَرَمِ

সুম্মার রিদ্দা আন আবি বাকারিও ওয়া আন ওমারিন,
ওয়া আন আলিয়্যিও ওয়া ওসমা-না যীল কারামী।

❖ অনুঃ অতঃপর সন্তুষ্ট হোন হযরত আবু বকর ও ওমর (রাঃ) এর প্রতি এবং হযরত আলী ও উসমান (রাঃ) এর উপর, যাঁরা ছিলেন অত্যন্ত মর্যাদার অধিকারী।

مَا رَتَّحَتْ عَذَابَاتِ الْبَانَ رِيحٌ صَبَا
وَاطْرَبَ الْعَيْسَ حَادِي الْعَيْسِ بِالنَّغَمِ

মা রান্নাহাত আযাবাতিল বা-নি রিইহু সাবা,
ওয়া আত্বুরাবাল ইসা হা-দীল ইসি বিন্নাগামী।

❖ অনুঃ বান বৃক্ষের শাখা গুলোকে যতদিন ভোরের বাতাস দোলা দেবে এবং যতদিন গানের মাধ্যমে উটের চালক উটগুলোকে আনন্দ দেবে।

فَاغْفِرْ لَنَا شِدِّهَا وَاغْفِرْ لِقَارِنِهَا
سَأَلْتُكَ الْخَيْرَ يَا ذَا الْجُودِ وَالْكَرَمِ

ফাগফির লিনাশিদিহা ওয়াগফির লি ক্বারি-হা,
সা আলতুকাল খাইরা ইয়া যাল জু-দে ওয়াল কারামী।

❖ অনুঃ অতঃপর আপনি এই ক্বসীদার রচয়িতা ও পাঠককে ক্ষমা করুন। আপনার কাছেই কল্যাণ চাই ওগো দানশীল ও দয়াবান।

ক্বসীদা-এ-বানাত সু'আদ

ক্বসীদাটির রচয়িতা সাহাবী কবি হযরত কা'ব ইবনে যুহাইর (রাঃ)। তাঁর পিতা যুহাইর ইবনু আবি সালমা। কেউ কেউ তাঁকে বনু গাতফানের লোক মনে করেন। তাঁর পিতা যুহাইর ও ছিলেন সে যুগের একজন প্রসিদ্ধ কবি। সাবউ মুয়াল্লাকা এর তৃতীয় মুয়াল্লাকার রচয়িতা হচ্ছেন তিনিই। তাঁর মাতা কাবশাহ ছিলেন বনু সুহাইম গাতফান গোত্রের মেয়ে। কাব্যচর্চায় তাঁর ও যথেষ্ট দখল ছিল।

ক্বসীদাটি রচনার প্রেক্ষাপট ও ফযীলতঃ

উক্ত ক্বসীদার ফযায়েল অপরিসীম। বড় বড় সাহাবীগণ ক্বসীদাটি শ্রবণ করতেন। কথিত আছে যে, ক্বসীদাটির রচয়িতা হযরত কা'ব (রাঃ) ও তাঁর পিতৃপুরুষ খ্রীষ্টান ছিলেন। যখন ইসলামের প্রচার হচ্ছিল তখন হযরত কা'ব (রাঃ) ইরাকে বাস করছিলেন। হযরত কা'ব (রাঃ) এর একজন ভাই ছিলেন। তার নাম ছিল বুজাইরা, সে একদা কা'বকে বলল, আমি ঐ নবীর দরবারে যাচ্ছি। যদি তিনি তাঁর বক্তব্যে তাঁর হক্ব দ্বীন সাব্যস্ত করতে পারেন তা হলে তা আমি গ্রহণ করব। নতুবা তোমাকে এসে তাঁর অবস্থা বিবরণ করব। তখন বুজাইরা মদীনায়ে এসে প্রথমে হযরত আবু বকর (রাঃ) এর কাছে এসে ইসলাম কবুল করেন। তিনি তাকে নিয়ে রাসূলের দরবারে হাজির হন। এরপর হযরত কা'ব ভাইয়ের ইসলাম গ্রহণের কথা শুনে রাগান্বিত হয়ে তার

কাছে একটি চিঠি লিখলেন। যাতে তিনি ইসলাম ও নবীজীর ক্বৎসা বর্ণনা করলেন। তখন সাহাবীগণ কা'বকে হত্যার জন্য মনস্থ করলে বুজাইরা ভাইয়ের মায়ায় তাঁর কাছে নসিহত পূর্ণ একটি পত্র লেখেন। যাতে তিনি লেখেন, আমি অনেক যাচাই করে ইসলাম কবুল করেছি, এই দ্বীন সত্য। এই নবীজীর যে গুণাবলী আমরা ইঞ্জিলে পেয়েছি তার সবই তাঁর মধ্যে বিদ্যমান। ইনিই সেই সত্য নবী। যদি তাঁর দ্বীন হক্ব না হত আমি কখনও তা কবুল করতামনা, হে কা'ব যদি তুমি নিজেকে রক্ষা করতে চাও তা হলে অপরাধীদের মতো নবীজীর দরবারে এসে ক্ষমা চাও। নতুবা তোমাকে হত্যা করা হবে। যখন কা'ব এর নিকট এ উত্তর পৌঁছে। তিনি নিজের ভাইয়ের কথাকে সত্য জানলেন। আল্লাহ তা'আলা তাঁর অন্তরকে সুপ্রশস্ত করে দিলেন। তখন তিনি উক্ত ক্বসীদাটি রচনা করলেন। তাতে প্রিয়নবী (দঃ) ও তাঁর সাহাবাদের গুণগান করলেন। তা নিয়ে উটের উপর সওয়ার হয়ে মদীনায়ে পৌঁছে মসজিদে নববীর কাছে গিয়ে উটকে বসালেন। হযরত আলী মুর্তজা (রাঃ) মসজিদের বাইরে এসে জিজ্ঞাসা করলেন, হে যুবক! তুমি কে? বললেন, আমি একজন মুসাফির, আর অত্যন্ত অনুনয় বিনয়ের সাথে মসজিদে প্রবেশ করলেন। নবীজী (দঃ) তাঁর নাম জিজ্ঞাসা করলেন। বললেন, আমার নাম কা'ব। ফরমালেন, তুমি নাকি আমাকে মামুর বলেছ? অর্থাৎ জ্বীন ও পরী যার অনুগত। তিনি বললেন, জ্বি মানুষের কাছে শুনেই এরূপ বলতাম। নিজের তরফ থেকে নয়। তুমি নিজে আমাকে কি বলতে? বললেন, আমি তো আপনাকে 'মা'মুন'(নিষ্কলুষ) বলতাম। লোকেরা 'নুন' এর স্থলে 'রা' দ্বারা বদলে ফেলেছে। প্রিয়নবী তার উপস্থিত জবাবে আশ্চর্যবোধ করলেন এবং আবু বকর (রাঃ)কে বললেন, তার কাছে ইসলাম পেশ কর। যদি মুসলমান হয়ে যায় তাহলে সকল গুনাহ মাফ হয়ে যাবে। কা'ব আরয করলেন, আমি তো মুসলমান হয়ে গেছি। এ কথা শুনে প্রিয়নবী অত্যন্ত আনন্দিত হয়ে গেলেন। তখন কা'ব আরয করলেন, হে দু'জাহানের শিরোমনি, আমি কিছু পংক্তি আপনার প্রশংসায় রচনা করেছি। যদি আদেশ হয় তাহলে আরয করব। নবীজী অত্যন্ত আনন্দিত হলেন। ক্বসীদা আবৃত্তি

করলেন। সকলেই উহাকে সুন্দর বললেন এবং ধন্যবাদ দিলেন।
প্রিয়নবী (দঃ) স্বীয় চাদর মোবারক তাঁকে দান করলেন।
উক্ত ক্বসীদাটি ইমাম বায়হাক্বী (রহঃ) স্বীয় 'দালায়েলুল খাইরাত'
হাকেম "মুস্তাদরাকে" এবং ইবনে আব্দুল বর "কিতাবে এস্তিয়াব" এ
নির্ভরযোগ্য সনদ দ্বারা বর্ণনা করেছেন।

উক্ত ক্বসীদা পাঠ করা সওয়াব, দেখাটা সওয়াব, লিপিবদ্ধ করা
সওয়াব; শিক্ষাদান ও শিক্ষা করা সওয়াব। আল্লাহ আমল করার
তৌফিক দান করুন। আমীন!!

ক্বসীদা-এ-বা-নাত সু'আদ

الْقَصِيدَةُ الْمَشْهُورَةُ بِبَيَانَتِ سَعَادٍ وَهِيَ مِنْ جَلَائِلِ
الْقَصَائِدِ لِكَعْبِ بْنِ زُهَيْرٍ رَضَ

আল ক্বসীদাতুল মশহুরাতু বি বা-নাত সু'আদ ওয়া হিয়া মিন
জালায়িলিল ক্বাসায়েদে লি কা'ব ইবনে যুহাইর রাধিয়াল্লাহু

আনহু

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

বিসমিল্লাহির রাহমানির রাহীম

بَانَتِ سَعَادٌ فَقَلْبِي أَلْيَوْمَ مَبْتُوْلٌ
مَنْيَمٌ إِثْرَهَا لَمْ يَفَدْ مَكْبُولٌ

বানাত সু'আদু ফাক্বালবীল ইয়াওমা মাবতু'-লু,
মনাইয়ামুন ইসরাহা লাম ইয়ুফদা মাকবু'-লু।

❖ অনুঃ আমার মাহবুবাহ সু'আদ এর বিচ্ছেদ আমার হৃদয়কে পীড়িত করে দিয়েছে। কিংবা
এমনভাবে বন্দী করে নিয়েছে, কোন চেষ্টা প্রচেষ্টাই তা থেকে মুক্ত করতে পারেনা।

وَمَا سَعَادٌ غَدَاةَ الْبَيْنِ إِذْ رَجِلَتْ
إِلَّا أَعَنَّ غَضِيصَ الطَّرْفِ مَكْحُولٌ

ওয়াদা সু'আদু গাদা-তাল বাইনে ইয রাহিলাত,
ইল্লা আগান্না গদ্বীসাত্ ত্বারফে মাকহু'-লু।

❖ অনুঃ সু'আদকে বিদায়ের দিন প্রভাতে দেখতে মনে হচ্ছিল সুন্দর
আওয়াজে গুঞ্জন কারিনী লজ্জায় অবনত দৃষ্টি সম্পন্ন নারীর মত।

هَيْفَاءُ مُقْبِلَةً عَجَزَاءُ مَدْبِرَةً
لَا يُشْتَكِي قَصِرٌ مِنْهَا وَلَا طَوَّلٌ

হাইফা-উ মুক্ববিলাতান আজ্বা-উ মুদবিরাতান,
লা ইয়ুশ্তাকা-ক্বিসারুম্ মিনহা ওয়ালা ত্বু'-লু।

❖ অনুঃ তাকে সামনের দিক থেকে দেখতে চিকন কোমর বিশিষ্টা মনে হয়। যখন পিছনের দিক থেকে দেখা হয়
তখন বৃহৎ নিতম্ব বিশিষ্টা মনে হয়। তার আকৃতির খর্বতা কিংবা দীর্ঘ হবার কোন অভিযোগ করা হয়না।

تَجَلَّوْا عَوَارِضَ زَيْ ظَلَمٍ إِذَا تَبَسَّمَتْ
كَانَهُ مِنْهُلٌ بِالرَّاحِ مَعْلُولٌ

তাজ্বলু-আওয়ারিছা যি-যালমিন ইয়া-তাবাস্‌সামাত,
কা-আন্লাহু মুনহালুন বিররা-হি-মা'লুলু।

❖ অনুঃ সে যখন মুচ্কি হাসে, তখন এমন উজ্জ্বল দন্তরাজি বিকশিত
করে, মনে হয় যেন তা দু'বার অমৃতসুরায় সিক্ত করা হয়েছে।

شَجَّتْ بِيذِي شَبِيمٍ مِنْ مَاءٍ مَحْنِيَّةٍ
صَافٍ بِأَبْطَحِ أَضْحَى وَهُوَ مَشْهُوْلٌ

গুজ্জাত বিযি-শাবামিম্ মিন মা-য়ি মাহ্নিয়াতিন,
সা-ফিম বি-আবত্বাহা আদ্বহা ওয়া হুয়া মাহশু'-লু।

❖ অনুঃ ঐ অমৃতসুরা এমন শীতল ও নির্মল, যা পাথরের প্রস্রবনে সঞ্চিত
এবং সকাল বেলায় উত্তরদিক থেকে প্রবাহিত বায়ুর সাথে মিশেছে।

تَنْفِي الرِّيحِ الْقَذِي عَنْهُ وَأَفْرَطَهُ
مِنْ صَوْبِ سَارِيَةٍ بِيضِ يُعَالِيلُ

তানফির রিয়াহুল ক্বায়া-আনহু ওয়া আফরাত্বাহু,
মিন সাওবি সারিয়াতিম বিইদ্বিই ইয়ু-আলীলু।

❖ অনুঃ ঐ বায়ু তার সকল ময়লা ও ধূলিমলিনতা দূর করে এবং ঐ
রাতে অত্যন্ত শুভ মেঘের বৃষ্টি তাকে ভরপুর করে দেয়।

أَكْرَمَ بِهَا خَلَّةً لَوْ أَنَّهَا صَدَقَتْ
مَوْعُودَهَا أَوْ لَوْ أَنَّ النَّصْحَ مَقْبُولُ

আকরিম বিহা খুল্লাতান লাও আন্বাহা সাদাক্বাত,
মাওউ-দাহা আও লাও আন্বানুসহা মাকব্ব-লু।

❖ অনুঃ সু'আদ প্রেমিকা হিসেবে কতইনা উত্তম, আহা যদি সে
ওয়াদা পূর্ণ করে এবং উপদেশ মেনে নেয়।

لَكِنَّهَا خَلَّةٌ قَدْ سَيَّطَ مِنْ دِمَهِهَا
فَجَعَّ وَوَلَعٌ وَإِخْلَافٌ وَتَبْدِيلُ

লা-কিন্বাহা খুল্লাতুন ক্বাদ সিইত্বা মিন দামিহা,
ফাজ্জুও ওয়ালও ওয়া ইখলা-ফুঁও ওয়া তাবদীলু।

❖ অনুঃ কিন্তু সে এমন প্রিয়া যে, তার রক্তের সাথে ব্যথা দেওয়া,
মিথ্যা অঙ্গীকার ভঙ্গ করা সর্বদা স্বীয় বেশভূষা পরিবর্তন করাটা মিশ্রিত

فَمَا تَدْوَمُ عَلَى حَالٍ تَكُونُ بِهَا
كَمَا تَلَوْنُ فِي أَثْوَا بِهَا الْغَوْلُ

ফামা তাদু-মু আলা হালিন তাক্ব-নু বিহা,
কামা তালাওয়ানু ফি আস্-ওয়া বিহাল গু-লু।

❖ অনুঃ সুতরাং সে সর্বদা একই অবস্থায় থাকেনা। বরং ভূতের ন্যায়
সর্বদা স্বীয় বেশভূষা পরিবর্তন করতে থাকে।

وَلَا تَمَسُّكَ بِالْعَهْدِ الَّذِي زَعَمْتَ
إِلَّا كَمَا تُمْسِكُ الْمَاءَ الْغَرَائِيلُ

ওয়ালা তামাস্‌সাকু বিল আহদিলাযি যা-আমাত,
ইল্লা কামা তুমসিকুল মা-আল গারা-বীলু।

❖ অনুঃ সে তার কৃত ওয়াদার উপর কয়েম থাকেনা। যেমনিভাবে
চালুনি পানি ধরে রাখতে পারেনা।

فَلَا يَغُرُّنَّكَ مَا مَنَّتْ وَمَا وَعَدَتْ
إِنَّ الْأَمَانِيَّ وَالْأَحْلَامُ تَضَلِيلُ

ফালা-ইয়াগুররুন্বাকা মা মান্নাত ওয়ামা ওয়া আদাত,
ইন্বাল আমানিইয়া ওয়াল আহলা-মু তাহলী-লু।

❖ অনুঃ সে যে আশা ভরসা দেয় এবং অঙ্গীকার করে তা যেন তোমাকে
প্রতারিত না করে। কারণ সে আশা ও স্বপ্ন গুলো নিশ্চয়ই ভ্রান্তিময়।

كَانَتْ مَوَاعِيْدُ عَرْقُوبٍ لَهَا مَثَلًا
وَمَا مَوَاعِيْدُ لَهَا إِلَّا الْأَبَاطِيلُ

কা-নাত মাওয়ায়ী-দু ওরক্বিব্বিলাহা মাসালান,
ওয়ামা মাওয়ায়ী-দু লাহা ইল্বাল আবাত্বীলু।

❖ অনুঃ তার দৃষ্টান্ত 'উরকুব' নামক এক আরব নারীর অঙ্গীকারের
ন্যায়, যার সব অঙ্গীকারই মিথ্যা ও নিষ্ফল।

أَرْجُوْ وَأَمَلٌ أَنْ تَدْنُوْ مَوَدَّتْهَا
وَمَا إِخَالٌ لَدَيْنَا مِنْكَ تَنْوِيلُ

আরজু ওয়া আ-মালু আন তাদনু-মুয়াদাত্বাহা,
ওয়ামা ইখালু লাদাইনা মিনকা তানবী-লু।

❖ অনুঃ আশা রাখি এবং কামনা করি যে, তার প্রেম-প্রীতি আমার নিকটবর্তী হবে, কিন্তু তার কাছ
থেকে অনুগ্রহ প্রাপ্তির কোন আশা পূরণ হবার নয়।

أَمْسَتْ سَعَادٌ بِأَرْضٍ لَا يَبْلُغُهَا
إِلَّا الْعِتَاقُ النَّجِيبَاتُ الْمَرَّاسِيْلُ

আমসাত সু-আদু বি আরদিন লা ইয়ুবাল্লিগুহা,
ইল্লাল ইতা-কুন নজী-বাতুল মারাসী-লু।

❖ অনুঃ সু'আদ এক সুন্দর সন্ধ্যায় এমন দূরদেশে গিয়ে উপস্থিত হয়েছে, যেখানে সহঃশজাত উত্তম দ্রুতগামী ঘোড়া কিংবা উষ্ট্রী ছাড়া অন্যেরা পৌঁছতে পারবে না।

وَلَنْ يَبْلُغَهَا إِلَّا عَذَا فِرَّةٍ
فِيهَا عَلَى الْإِبْنِ إِرْقَالٌ وَتَبَعِيْلُ

ওয়লাই ইয়ুবাল্লিগাহা ইল্লা উযা-ফিরাতুন,
ফিইহা আলাল ইবনি ইরকালুও ওয়া তাবয়ী-লু।

❖ অনুঃ সত্যই সেখানে সুদৃঢ় ও সবলদেহী বা ক্লান্ত হলেও ক্ষিপ্রগতি এবং সম্মুখ পানে ধাবমান উষ্ট্রী ছাড়া অন্যেরা কিছুতেই পৌঁছতে পারেনা।

مِنْ كُلِّ نَضَّاحَةِ الذِّفْرِى إِذَا عَرَقَتْ
عَرْضَتَهَا طَامِسُ الْأَعْلَامِ مَجْهُولُ

মিন কুল্লি নাদ্দাখাতিয যিফরা ইযা আরাক্বাত,
ওরদ্বাতুহা ত্বামিসুল আ'লামি মাজহু-লু।

❖ অনুঃ সে এমনই দ্রুতগামী উষ্ট্রী যে ঘর্মান্তা হলে তার কর্ণমূল সিক্ত হয়। তার প্রধান লক্ষ্যস্থল হচ্ছে চিহ্ন বিলুপ্ত অজ্ঞাত প্রান্তর।

تَرَى الْغِيُوبَ بِعَيْنِي مُفْرِدٍ لَّهُقٍ
إِذَا تَوَقَّدَتِ الْخِرَازُ وَالْمِيْلُ

তারাল গুযু-বা বিআইনাই মুফরাদিল্ লুহাকিন,
ইযা তাওয়াক্কাদাতিল খিয্যা-যু ওয়াল মী-লু।

❖ অনুঃ যখন সে তেজোদীপ্ত হয়ে অগ্নিবৎ উত্তপ্ত ও কঠিন বালুকাস্তম্বগুলো অতিক্রম করে তখন শেতকায়া বন্য গাভীর ন্যায় নয়নযুগল দ্বারা চিহ্ন বিলুপ্ত অদৃশ্য পথের উপর দৃষ্টি নিক্ষেপ করতে থাকে।

ضَخْمٌ مَّقْلَدُهَا فَعَمَّ مَقِيدُهَا
فِي خَلْقِهَا عَنِ نَبَاتِ الْفَحْلِ تَفْضِيْلُ

দ্বাখমুন মুক্বাল্লাদুহা ফা'মুম মুক্বাইয়াদুহা,
ফি খাল্কিহা আন নাবা-তিল ফাহলি তাফদ্বী-লু।

❖ অনুঃ তার গ্রীবদেশ স্থূল ও পদদেশ স্ফতি ও পুরু। তার গঠন ও আকৃতি সমগ্র উষ্ট্রী জাতের উপর শ্রেষ্ঠ।

غَلْبَاءٌ وَجَنَاءٌ مَعَكُمْ مَذْكُرَةٌ
فِي رَفِّهَا سَعَةٌ قَدْ أَمَّهَا مِيْلُ

গালবা-উ ওয়াজনা-উ ওলকুমুম মুযাক্কারাতুন,
ফি দাফ্ফিহা সা'আতুন ক্বুদা-মাহা মী-লু।

❖ অনুঃ সে উন্নত গ্রীবা ও বলিষ্ঠ চিবুকবিশিষ্ট। দৃঢ়কৃতি নর উষ্ট্রের ন্যায় সে শক্তিশালী। তার পার্শ্বদেশে রয়েছে বলিষ্ঠ প্রশস্ততা আর তার দেহের অগ্রভাগ বালুর টিলার মত।

وَجِلْدُهَا مِنْ أَطْوَمٍ لَا يُؤْبِسُهُ
طَلْحٌ بِضَاحِيَةِ الْمَتْنَيْنِ مَهْرُولُ

ওয়া জ্বিলদুহা মিন আত্বুমিল লা ইয়ুআক্বিসুহু,
ত্বিলহুন বি দ্বাহিয়াতিল মাতনাইনি মাহযু-লু।

❖ অনুঃ তার চামড়া সামুদ্রিক কচ্ছপের ন্যায় শক্ত। এই শক্ত চর্মে আটলী কোন ক্ষতি করতে পারে না, আর তার অনাবৃত পৃষ্ঠদেশের দুই পার্শ্ব বেশ ক্ষীণকায় দেখা যায়।

حَرْفٌ أَخُوهَا أَبُوهَا مِنْ مَهَجَّةٍ
وَعَمُّهَا خَالُهَا فَوْدَاءٌ شَمِيْلُ

হারফুন আখু-হা আবুহা মিম্ মুহাজ্জানাতিন,
ওয়া আম্মুহা খালুহা ফাউদাউ শামলী-লু।

❖ অনুঃ সে (পিতৃ ও মাতৃকুল উভয় দিক থেকে) সং বংশজাত বা ক্ষীণ মধ্যা। তার ভাই, তার পিতা, চাচা ও মামা দীর্ঘ গ্রীবা এবং প্রশস্ত পিঠ বিশিষ্ট আর তার গতি ছিল দ্রুত ও লঘু।

يَمْشِي الْقَرَادُ عَلَيْهَا ثُمَّ يَزِلُّهَا
مِنْهَا لَبَانٌ وَأَقْرَابٌ زَهَائِلٌ

ইয়ামশিল কুরা-দু আলাইহা সুন্মা ইযুলিকুহ,
মিনহা লাবা-নুও ওয়া আকুরা-বুন যাহা-লী-লু।

❖ অনুঃ কীট বা আটনী তার দেহের উপর দিয়ে চনাফেরা করে। অতঃপর মসৃণ ও সরু পার্শ্বদ্বয় তাকে তার উপর থেকে স্থানিত করে পিছনিতে ফেলে দেয়।

عَيْرَانَةٌ قَذِفَتْ بِالنَّحْصِ عَنْ عَرْضِ
مِرْفَقِهَا عَنْ بَنَاتِ الزُّورِ مَقْتُولٌ

আইরা-নাতুন কু যিফাত বিন্নাহদি আন ওরদিন,
মিরফাকুহা আন বানা-তিয যু-রি মাকুতু-লু।

❖ অনুঃ সে একটি বো গর্ভের ন্যায়, তার পার্শ্বদেশ এত মসৃণ যে, মনে হয় কোন দিক থেকে তার উপর মাস নিষ্কৃত হয়েছে। তার সামনের পার্শ্বের জানু, তার প্রস্থ বুক থেকে বহু দূরে।

تَمْرٌ مِثْلَ عَسِيْبِ النَّخْلِ زَاخَصِلٍ
فِي غَارِزَلَمٍ تَخَوَّنَهُ الْأَحَالِيلُ

তামুররু মিসলা আসীবিন নাখলি যা খুসালিন,
ফি গারেযিন লাম তাখাওয়ানুহল আহা-লী-লু।

❖ অনুঃ সে তার পত্র পত্রবিত বর্ষরশাবার নেত্রকে স্তম্ভিত স্তনের উপর সঞ্চালিত করে যার নোহনের দরুন কখনও হান্ধা হই না অর্থাৎ বহা হওয়ার দরুন তার অস্তিত্ব স্তন নোহন করা হয় না, তাই সে স্বাভাবিক।

قَنَوَاءٌ فِي حُرَّتَيْهَا لِلْبَصِيرِ بِهَا
عِثْقٌ مَّبِينٌ وَفِي الْأَخْدَيْنِ تَسْهِيلٌ

ক্বানওয়াউ ফি হুররাতাইহা লিল্বসীরে রিহা,
ইতকু ম মুবীনুও ওয়া ফিল খাদাইনি তাসহী-লু।

❖ অনুঃ সে উন্নত নাসিকাসম্পন্ন। তার উভয় কর্ণের পার্শ্ব আভিজাত্যের সুস্পষ্ট ছাপ (সৌন্দর্য) বিদ্যমান, আর চিবুকদ্বয়ে রয়েছে কোমলতা।

تَخْدِي عَلَى يَسْرَاتٍ وَهِيَ لِأِحْقَةٍ
ذَوَابِلٌ مَسُّهُنَّ الْأَرْضَ تَحْلِيلٌ

তাখদী আলা ইয়াসারা-তিন ওয়া হিয়া লা-হিক্বাতুন,
যাওয়াবিনুম মাস্-সুহ্নাল আরদ্বা তাহলী-লু।

❖ অনুঃ সে ক্ষীণ হালকা পায়ের উপর দিয়ে দ্রুত অথচ লঘুভাবে যাত্রা করে। শুধুমাত্র শপথ রক্ষার্থে পদদ্বয় ভূপৃষ্ঠ স্পর্শ করে থাকে।

سَمُرُ الْعَجَايَاتِ يَتْرُكْنَ الْحِصَى زَيْمًا
لَمْ يَقِهَنَّ رُؤْسَ الْأَكْمِ تَنْعِيلٌ

সুমরুল আজ্বায়াতি ইয়াতরুকনাল হিসা যাইমান,
লাম ইয়াক্বিহিন্না রুওয়াস আকমি তানয়ী-লু।

❖ অনুঃ পদাঘাতে সে কংকরগুলোকে বিক্ষিপ্ত করে ছাড়ে। আর পর্বত শৃংগ থেকে রক্ষা পাওয়ার জন্যে তার পাদুকার প্রয়োজন হয় না।

كَانَ مَاذَاتَ عَيْنَيْهَا وَمَذْبَحَهَا

مِنْ خَطْمِهَا وَمِنَ اللَّحْيَيْنِ بَرَطِيلٌ

কাআন্না মা যা-তা আইনাইহা ওয়া মাযবাহা,
মিন খাতুমিহা ওয়া মিনাল্লাহইয়াইনে বারত্বী-লু।

❖ অনুঃ তাঁর নাসিকার অগ্রভাগ থেকে ললাট পর্যন্ত এবং চিবুক থেকে গলদেশ পর্যন্ত অংশটি যেন একটি স্থূল প্রস্তরখণ্ড।

كَانَ أَوْبَ زَرَاعِيَّهَا إِذَا عَرِقَتْ
وَقَدْ تَلَفَعَ بِالْقُورِ الْعَسَاقِيلُ

কাআন্না আওবা যিরাআইহা ইয়া আরিক্বাত,
ওয়া ক্বাদ তালাফ্ফাআ বিল কু-রীল আসাক্বী-লু।

❖ অনুঃ সে ঘর্মাক্ত হলে এবং পাহাড়ের কংকরময় পাদদেশে মরীচিকা দেখা দিলে তার পদ চতুষ্টয় ঘন ঘন সঞ্চালিত হতে থাকে।

يَوْمًا تَظَلُّ بِهِ الْحَرَبَاءُ مُصْطَخِدًا
كَانَ ضَاحِيَهُ بِالسَّمْسِ مَمْلُولٌ

ইয়াওমান তাযিলু বিহিল হিরবা-উ মুসতাখিদান,
কাআনা দ্বা-হিয়াহ্ বিশশামসি মামলু-লু।

❖ অনুঃ এটা এমন দিনে ঘটে থাকে, যখন গিরগিট সূর্যের উত্তাপে দক্ষ
প্রায় হয় এবং তার উনুজ্ঞ অংশ রৌদ্রদক্ষ বালুকার ন্যায় হয়ে উঠে।

وَقَالَ لِلْقَوْمِ حَارِيَهُمْ وَقَدْ جَعَلَتْ
وَرَقُ الْجَنَابِ يَرْكُضْنَ الْحِصَى قِيلُوا

ওয়া ক্বা-লা লিল ক্বাওমি হাদী-ই-হিম ওয়া ক্বাদ জ্বা-'আলাত,
ওরক্বুল জানাদিবে ইয়ারক্বদনাল হিসা কিইলু।

❖ অনুঃ ধূসর বর্ণের পঙ্গপালেরা উত্তপ্ত কংকরে বসতে না পেরে যখন
পদাঘাত দ্বারা তা অপসারিত করছিল তখন সংগীতকারী উষ্ট্রীচালক
স্বীয় গোত্রের লোকদের বললোঃ তোমরা মধ্যাহ্ন বিশ্রাম উপভোগ
কর।

شَدَّ النَّهَارُ زِرَاعًا عَيْطِلٍ نَصْفِ
قَامَتْ فَجَاوَبَهَا نُكْدٌ مَّتَاكِيلٌ

শাদ্দান নাহা-রু যিরা'আন আইত্বালিন নাসাফিন,
ক্বা-মাত ফাজ্বা ওয়াবাহা নুকদুম মাসাকী-লু।

❖ অনুঃ মধ্যাহ্নের তীব্র খরতাপের সময় তার (উষ্ট্রীর) ঘন ঘন পদ
সঞ্চালন মধ্যবয়সী দীর্ঘকায় এক রূপবতী নারীর বাহুদ্বয়ের চালনার
ন্যায়, সে উঠে দাঁড়ায় আর শোকাতুরা রমণীরা তাকে সান্ত্বনার বাণী
শুনিয়ে থাকে (উষ্ট্রীর বাহুদ্বয়কে অনন্যাসুন্দরী রমণীর সাথে তুলনা করা
হয়েছে)।

نَوَاحٍ رَّخْوَةٍ الصَّبْعَيْنِ لَيْسَ لَهَا
لَمَّا نَعَى بِكِرْهَا النَّاعُونَ مَعْقُولٌ

নাওয়াহতির রিখওয়াতিদ দ্বাবআইনি লাইসা লাহা,
লাম্মা না'আ বিকরাহান না'উনা মা'ক্ব-লু।

❖ অনুঃ কোমন দুই বাহুবিধিষ্টা গভীর শোক প্রকাশিনী এক মহিলা সে। মৃত্যু সংবাদদাতা তার
প্রথম সন্তানের মৃত্যু খবর ঘোষণা করলে সে একেবারে সংজ্ঞাহীন হয়ে পড়ে।

تَفَرَّى اللَّبَانَ بِكَفَيْهَا وَمَذْرَعَهَا
مَشَقَّقٌ عَنْ تَرَاقِيهَا رَعَابِيْلٌ

তাফরিল লাবানা বিকাফ্ ফাইহা ও মিদরা-স্হা,
মুশাক্বাক্বুন আন তারা-ক্বাইহা রা'আবী-লু।

❖ অনুঃ সে দুই হাত দ্বারা তার বক্ষ বিদীর্ণ করছে। আর তার জামা
গ্রীবদেশ হতে ছিন্ন হয়ে টুকরো টুকরো হয়ে গেছে।

تَسَعَى الْوُشَاةُ جَنَابِيهَا وَقَوْلُهُمْ
إِنَّكَ يَا ابْنَ أَبِي سَلْمَى لَمَقْتُولٌ

তাস'আল ওশাতু জানা-বাইহা ওয়া ক্বাওলুহুম,
ইন্বাকা ইয়া-ব-না আবি সালমা লা মাক্বতু-লু।

❖ অনুঃ নিন্দুকেরা তার দু'পার্শ্বে এদিক-ওদিক ছুটাছুটি করছে আর
তাদের উক্তি হচ্ছেঃ "হে আবু সালমার পুত্র। তুমি নিশ্চয় আজ নিহত।"

وَقَالَ كُلُّ خَلِيلٍ كُنْتُ أَمَلُهُ
لَا الْهَيْئَكَ إِنِّي عَنْكَ مَشْغُولٌ

ওয়াক্বা-লা ক্বল্লু খালি-লিন ক্বল্ল আ-ম্বলুহু,
লা উল হিয়ান্নাকা আন্নি-আনকা মাশগু-লু।

❖ অনুঃ আর প্রত্যেক বন্ধু যার আমি সাহায্য প্রার্থনা করলাম-আমাকে বললোঃ আমি আজ তোমার
ব্যাপারে কোন কিছুই করতে পারব না। কারণ আমি তোমা ছাড়া অন্য এক কাজে নিমগ্ন।

فَقُلْتُ خَلُّوا سَبِيلِي لَا أَبَاكُمْ
فَكُلُّ مَا قَدَّرَ الرَّحْمَنُ مَفْعُولٌ

ফা কুল্লু খল্লু সাবীলী লা আবাবাকুম,
ফাকুল্লু মা কাদ্দারার রাহমা-নু মাফউ-লু।

❖ অনুঃ তখন আমি বললাম, 'তোমরা আমার পথ থেকে সরে দাঁড়াও। নিপাত যাক তোমাদের পিতা, করুণাময় আল্লাহ্ যা নির্ধারিত করে রেখেছেন তা ঘটবেই।'

كُلُّ ابْنِ أُنثَىٰ وَإِنْ طَالَتْ سَلَامَتُهُ
يَوْمًا عَلَىٰ آلِهِ حَدْبَاءٌ مَّحْمُولٌ

কুল্লুবনি উনসা ওয়া ইন ত্বা-লাত সালা-মাতুহু,
ইয়াওমান আলা আ-লাতিন হাদবা-আ মাহমূ-লু।

❖ অনুঃ প্রতিটি নারীসন্তান যার নিরাপদ কাল যতই দীর্ঘায়িত হোক না কেন একদিন না একদিন তাকে জানাযার খাটে বহন করা হবেই।

أَنْبِئْتُ أَنَّ رَسُولَ اللَّهِ أَوْ عَدْرَتِي
وَالْعَفْوُ عِنْدَ رَسُولِ اللَّهِ مَأْمُولٌ

উমবিইতু আন্না রাসূ-লাল্লাহি আওআদানী,
ওয়াল আফউ ইন্দা রাসূ-লিল্লাহি মা-মূলু।

❖ অনুঃ আমাকে খবর দেওয়া হয়েছে যে, আল্লাহ্র প্রিয় রাসূল (দঃ) আমাকে ভীতি প্রদর্শন করেছেন, কিন্তু আল্লাহ্র রাসূলের কাছে তো ক্ষমার প্রত্যাশা করা যায়।

فَقَدْ آتَيْتُ رَسُولَ اللَّهِ مُعْتَذِرًا
وَالْعَذْرُ عِنْدَ رَسُولِ اللَّهِ مَقْبُولٌ

ফাক্বাদ আতাইতু রাসূ-লাল্লাহি মু'-তাযিরান,
ওয়াল ওয়রু ইন্দা রাসূলিল্লাহি মাক্বুবুলু।

❖ অনুঃ অতএব আমি ক্ষমা প্রার্থীরূপে আল্লাহ্র রাসূলের কাছে আগমন করেছি, আর এই ক্ষমা প্রার্থনা রাসূলুল্লাহ্ (দঃ)-এর কাছে কবুল হয়ে থাকে।

مَهْلًا هَذَا الَّذِي أَعْطَاكَ نَافِلَةَ الْقُرْآنِ
فِيهَا مَوَاعِيظٌ وَتَفْصِيلٌ

মাহলান হাদা-কাল্লাযী আ'-ত্বাকা না-ফিলাতাল কুরআনি,
ফিইহা মাওয়ায়ী-যু ওয়া তাফদ্বী-লু।

❖ অনুঃ আমাকে একটু সময় দিন, সেই মহান আল্লাহ্ আপনাকে সংপথ প্রদর্শন করুন, যিনি অতিরিক্ত অনুগ্রহস্বরূপ আপনাকে কোরআন দান করেছেন, যে কোরআনে রয়েছে উপদেশমালা ও ফযীলত।

لَا تَأْخُذْنِي بِأَقْوَالِ الْوُشَاةِ وَلَمْ
أَنْزِبْ وَإِنْ كَثُرَتْ فِي الْأَقَاوِيلِ

লা তা-খুযনি বি আক্বওয়া-লিল ওশা-তি ওয়ালাম,
উযনিব ওয়া ইন কাসুরাত ফি আল আক্বাবী-লু।

❖ অনুঃ নিন্দুকের কথায় আমাকে পাকড়াও করবেন না। কারণ আমি কোন অপরাধ করিনি যদিও আমার সম্পর্কে অনেক বেশী কথাবার্তা হয়ে গেছে।

لَقَدْ أَقَوْمٌ مَّقَامًا لَوْ يَقُومُ بِهِ
أَرَىٰ وَأَسْمَعُ مَالَوْ يَسْمَعُ الْفِيلُ

লাক্বাদ আক্বুমু মাক্বামাল লাও ইয়াকুমু বিহি,
আরা ওয়া আস্মাউ মা লাও ইয়াসমাউল ফিলু।

❖ অনুঃ নিশ্চয় আমি এমন একস্থানে দাঁড়িয়ে আছি এবং এমন কিছু দেখছি ও শুনছি, যদি কোন হাতীও এখানে দাঁড়িয়ে থাকতো, শুনতে পেত।

لَظَلَّ يَرْعُدُ إِلَّا أَنْ يَكُونَ لَهُ
مِنَ الرَّسُولِ بِإِذْنِ اللَّهِ تَنْوِيلٌ

লা যাল্লা ইয়ারআদু ইল্লা আই ইয়াকু-না লাহু,
মিনার রাসূ-লি বি ইযনিল্লাহি তানবী-লু।

❖ অনুঃ তাহলে সে নিশ্চয়ই কাঁপতে থাকতো, যদি তার জন্য রাসূলুল্লাহ্র পক্ষ থেকে আল্লাহ্র আদেশে নিরাপত্তার আশ্বাস না থাকতো।

حَتَّىٰ وَضَعْتُ يَمِينِي لَا أَنَا زَعَةٌ
فِي كَفِّ ذِي نَقِمَاتٍ قَيْلَهُ الْقَيْلُ

হাত্তা ওয়াদ্বা'তু ইয়ামি-নি লা ওনাযিওহু,
ফি কাফ্ফে যি নাক্বিমাতিন কিইলুহল কিইলু।

❖ অনুঃ আমি এমন ব্যক্তির করতলে আমার ডান হস্ত স্থাপন করেছি যিনি প্রতিশোধ গ্রহণ করতে পারেন,
যার কথা কথাই, আর আমি তাঁর বিরোধিতাও করবো না।

لِذَاكَ أَهْيَبُ عِنْدِي إِذْ أَكَلِمَةً
وَقَيْلٍ إِنَّكَ مَنْسُوبٌ وَمَسْتَوِلٌ

লিযাকা আহইয়াবু 'ইন্দি ইয উকাল্লিমুহু,
ওয়া কি-ইলা ইন্নাকা মানসুবু'ও ওয়া মাস'ওলু।

❖ অনুঃ যখন আমি তাঁর সঙ্গে বাক্যালাপ করলাম আর যখন আমাকে বলা হলোঃ তুমি দোষী ও জিজ্ঞাস্য,
তখন তিনি আমার কাছে আরও ভয়াবহ মনে হলেন।

مِنْ خَادِرٍ مِّنْ لِّيُوثِ الْأَسَدِ مَسْكَنُهُ
مِنْ بَطْنِ غَيْرِ غَيْلٍ دُونَهُ غَيْلٌ

মিন খাদিরিম মিন লুইয়ুসিল উসদি মাসকানুহু,
মিন বাত্বনি গাইরি গিইলিন দুউনাহু গী-লু।

❖ অনুঃ (তিনি ভয়াবহ মনে হলেন) অরণ্যে লুক্কায়িত সিংহের চাইতেও যার বাসস্থান হচ্ছে "আছহার"
নামক উপত্যকা ভূমি আর যার আশে-পাশে শুধু ঝোপ-ঝাড় আর বন-জঙ্গল।

يَغْدُو فَيَلْحِمُ ضِرْغًا مِّينَ عَيْشُهُمَا
لَحْمٌ مِّنَ الْقَوْمِ مَغْفُورٌ خَرَادِيلُ

ইয়াগদু-ফা ইয়ালহিমু দ্বিরগামাইনি আইশুহুমা,
লাহমুম মিনাল ক্বাওমি মাগফু-রুন খারা-দী-লু।

❖ অনুঃ সে প্রত্যুষে বেরিয়ে পড়ে। অতঃপর তার শাবক দুইটিকে মাংস ভক্ষণ করায় যাদের
(শাবকদ্বয়ের) খাদ্য হচ্ছে ধুলায় ধূসরিত ও খণ্ডকৃত নর মাংস।

إِذَا يُسَاوِرُقَرْنَا لَا يَجِلُّ لَهُ
أَنْ يَّتْرَكَ الْقِرَانَ إِلَّا وَهُوَ مَغْلُولٌ

ইয়া ইয়ুসা-বিরু ক্বারনাল লা ইয়াহিল্লু লাহু,
আই ইয়াতরুকাল কিরা-না ইল্লা ওয়া হুয়া মাগলু-লু।

❖ অনুঃ সে যখন কোন সমকক্ষ প্রতিদ্বন্দ্বীর উপর ঝাঁপিয়ে পড়ে তখন তাকে
ভূপাতিত না করেই ছেড়ে দেওয়া সে নিজের জন্যে বৈধ মনে করে না।

مِنْهُ تَطَلُّ سِبَاعِ الْجَوْضَا مِرَّةً
وَلَا تَمْشِي بِوَادِيهِ إِلَّا رَاجِلٌ

মিনহু তাযাল্লু সিবা-উল জাব্বের দ্বামিরাতান,
ওয়াল তামশি বি ওয়াদিইহিল আরাজ্বী-লু।

❖ অনুঃ তার ভয়ে বনের অন্য পশুরা নীরব নিস্তব্ধ এবং তার
আক্রমণে পদচারীরা সে উপত্যকা দিয়ে চলাফেরাই করতে পারে না।

وَلَا يَزَالُ بِوَادِيهِ أَخْوَثَقَةً
مُّطَرِّحُ الْبِرِّ وَالْدِّرْسَانَ مَأْكُولٌ

ওয়াল ইয়াযা-লু বি ওয়াদিইহি আখু সিক্বাতিন,
মুত্বার্বাহল বাররি ওয়াদ্বির সা-না মা-কু-লু।

❖ অনুঃ এবং তার উপত্যকায় সদা সর্বদা আত্মপ্রত্যয়শীল ব্যক্তিকেও ভক্ষিত
ও তার অস্ত্র ও জীর্ণবস্ত্র ইত্যন্তঃ বিক্ষিপ্ত অবস্থায় দেখতে পাওয়া যায়।

إِنَّ الرَّسُولَ لَنُورٌ يُسْتَضَاءُ بِهِ
وَصَارِمٌ مِّنْ سَيُوفِ اللَّهِ مَسْلُولٌ

ইন্নার রাসূলা লা নূ-রুন ইয়ুস্তাদা-ও বিহি,
ওয়া সা-রিমুম মিন সুযুফিল্লাহি মাসলু-লু।

❖ অনুঃ নিশ্চয়ই নবীজী (দঃ) এমনই এক নূর, যদ্বারা আলোকপ্রাপ্ত হওয়া যায়, তিনি আল্লাহর
তলোয়ারসমূহের অন্যতম তরবারী কোষমুক্ত।

فِي عَصَبَةٍ مِّنْ قُرَيْشٍ قَالَ قَائِلُهُمْ
بِبَطْنِ مَكَّةَ لَمَّا اسْبَلُمُوا زَوْلُوا

ফি উস্বাতিম মিন কুরাইশিন ক্বা-লা ক্বা-য়েলুহম,
বি বাত্বনি মাক্কাতা লাম্মা আসলামু-যু-লু।

❖ অনুঃ কুরাইশ বংশীয় যুবকরা যখন পবিত্র মক্কার উপত্যকায় ইসলাম গ্রহণ করেছিল তখন তিনি তাদেরকে বলেছিলেনঃ 'তোমরা সবাই মক্কা থেকে মদীনার দিকে সরে যাও।'

زَالُوا فَمَا زَالَ أَنْكَاسٌ وَلَا كُشْفٌ
عِنْدَ اللَّقَاءِ وَلَا مِئْلٌ مَّعَا زَيْلٌ

যালু-ফামা-যা-লা আনকাসুও ওয়ালা-কুশ্ফুন,
ইন্দাল লিক্বাসি ওয়ালা মি-লুম মা-'আযী-লু।

❖ অনুঃ তাই তারা মদীনার দিকে সরে পড়লো, তবে যারা দুর্বল এবং সম্মুখসমরে বর্মহীন, অস্ত্রহীন এবং অশ্বোপরি চলে পড়ে, তারা সরলো না।

سُمُّ الْعَرَانِينَ أَبْطَالٌ لَّبُوسُهُمْ

مِنْ نَسَجِ دَاوُدَ فِي الْهَيْجَا سَرَائِيلُ

সুমুল আরা-নীইনা আবত্বালুল্লুবুসু-হুম,
মিন্নাসজ্বি দাউদা ফিল হাইজা সারা-বী-লু।

❖ অনুঃ তারা উন্নত-নাসা, বীর কেশরী, রণপ্রান্তরে তাদের পরিধেয় পোশাক হচ্ছে হযরত দাউদ (আঃ)-এর তৈরী বর্মসমূহ।

بِيضٌ سَوَابِغٌ قَدْ شَكَّتْ لَهَا حَلَقٌ
كَانَهَا حَلَقُ الْقَفْعَاءِ مَجْدُولٌ

বিইদুন সাওয়াবিগু ক্বাদ শুক্কাত লাহা হলাকুন,
কাআন্বাহা হলাকুল ক্বাফ 'আয়ে মাজ্বদু-লু।

❖ অনুঃ শ্বেতোজ্জ্বাল ও টিলা সবাংগ আকৃতকারী বর্মগুলো, একটির মধ্যে অপরটি প্রবিষ্ট, এদের সুদৃঢ় রজ্জু রয়েছে। মনে হয় সেগুলো কাফআ ঘাসের ন্যায় শক্ত অসুরীয় বিশেষ।

لَا يَفْرَحُونَ إِذَا نَالَتْ رِمَاحَهُمْ
قَوْمًا وَلَيْسُوا مَجَازِيْعًا إِذَا نِيلُوا

লা ইয়াফরাহু-না ইয়া না-লাত রিমা-হুহম,
কাওমাও ওয়া লাইসু-মাজ্বা-যি'আন ইয়া নী-লু।

❖ অনুঃ তারা মোটেই আনন্দিত হয় না যখন তাদের তীরগুলো কোন সম্প্রদায়ের উপর আঘাত হানে, আর তারা বিচলিত বা অস্থির হয় না যখন আক্রান্ত হয়।

يَمْشُونَ مَشَى الْجَمَالِ الزَّهْرِ يَعْصِمُهُمْ
صَرْبٌ إِذَا عَرَدَ السُّودُ التَّنَائِيلُ

ইয়াম শু-না মার্শ্ইয়াল জামালিয্ যাহরি ইয়াসিমুহুম।
সারবুন ইয়া আররাদাস সূ-দুত তানা-বী-লু।

❖ অনুঃ তারা উজ্জ্বল শ্বেতবর্ণের উষ্টীর ন্যায় পথ চলে, অস্ত্রের আঘাত তাদেরকে রক্ষা করে যখন খর্বকায় কৃষ্ণবর্ণের দুশমনরা পলায়নপর হয়।

لَا يَقَعُ الطَّعْنُ إِلَّا فِي نُحُورِهِمْ
وَمَا لَهُمْ عَنْ حِيَاضِ الْمَوْتِ تَهْلِيلٌ

লা ইয়াক্বাউত ত্বা'নু ইল্লা ফি নুহু-রিহিম,
ওয়ামা লাহুম আন হিয়াদ্বিল মাউতি তাহলী-লু।

❖ অনুঃ বর্ষার আঘাত তাদের বক্ষ ছাড়া অন্য কোথাও পতিত হয় না। আর মৃত্যুর আয়ত্ব থেকে তাদের পালিয়ে যাওয়ারও কোন উপায় থাকে না।

الْبُرِّ وَالْكَافِرِ

هَذِهِ الْقَصِيدَةُ لِأُوَيْسِ الْقُرْنِيِّ فِي

صَلَوَاتِ النَّبِيِّ الْمَدَنِيِّ

ক্বসীদা-এ-ওয়াহিসিল ক্বরনী

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

বিস্মিল্লাহির রাহমানির রাহীম

صَلِّ يَا رَبِّ عَلَى رَأْسِ فَرِيقِ النَّاسِ

مِنْهُ لِلْخَلْقِ أَمَانٌ بِزَمَانِ الْبَاسِ

সাল্লে ইয়া রাব্বে আলা রা-সি ফরীক্বিন নাসি,
মিনহু লিল খাল্কি আমা-নুন বিযমা-নিল বা-সি।

❖ অনুঃ হে প্রভূ! দুরূদ প্রেরণ করুন, মানব কুন শিরোমণীর উপর, নিরাশকালে যিনি সৃষ্টিকূলের আশ্রয়স্থল।

صَلِّ يَا رَبِّ عَلَى مَنْ هُوَ فِي خَرَّغِدٍ

كُلُّ مَنْ يَنْظُمُ يَسْقِيهِ رَحِيقَ الْكَاسِ

সাল্লে ইয়া রাব্বে আলা মান হুআ ফি খাররি গাদিন,
কুল্লু মাই ইয়াযমাউ ইয়াসকি-ইহি রহী-ক্বাল কা-সি।

❖ অনুঃ হে প্রভূ! দুরূদ প্রেরণ করুন, তাঁর উপর যিনি কাল কিয়ামতের কঠিন গরমের সময় সকল পিপাসার্ত মানুষকে খাঁটি শরাবের পেয়ালা থেকে পান করাবেন।

صَلِّ يَا رَبِّ عَلَى مَنْ بَرَجَاءِ الْكَرَمِ

خَصَّ مَنْ جَاءَ إِلَيْهِ لِعَمُومِ النَّاسِ

সাল্লে ইয়া রাব্বে আলা মাম্ব বিরিজা-ইল কারামি,
খাস্সা মান জা-আ ইলাইহি লি-ওমু-মিন্নাসি।

❖ অনুঃ হে প্রভূ! দুরূদ প্রেরণ করুন, তাঁর উপর দানের আশা করার জন্য যাকে নির্দিষ্ট করেছেন ঐ সকল লোকেরা, যারা তাঁর কাছে এসেছেন।

صَلِّ يَا رَبِّ عَلَى مُؤْنِسِ كُلِّ الْبَشَرِ

مُبْدِلِ الْوَحْشَةِ فِي الْقَبْرِ بِاسْتِيْنَاسِ

সাল্লে ইয়া রাব্বে আলা মুওনিসি কুল্লিল বাশারি,
মুবদিলিল ওয়াহ্শাতে ফিল ক্বাবরি বি-ইস্তিইনাসি।

❖ অনুঃ হে প্রভূ! দুরূদ প্রেরণ করুন, তাঁর উপর যিনি সকলের প্রতি আরাম প্রদ ও কবরের ভয়াবহ অবস্থাকে শান্তির দ্বারা পরিবর্তনকারী।

صَلِّ يَا رَبِّ عَلَى رُوحِ رَئِيسِ الرُّسُلِ

نَقْتَدِي نَحْنُ عَلَى أَرْجُلِهِ بِالرَّأْسِ

সাল্লে ইয়া রাব্বে আলা রু-হি রা-ইসির রুসুলি,
নাক্বতাডি নাহনু আলা আরজুলিহি বির-রা-সি।

❖ অনুঃ হে প্রভূ! দুরূদ প্রেরণ করুন, রাসূলকুল শিরোমণির রুহের উপর যাকে শিরোধার্য করে তাঁর অনুসরণ করে থাকি।

صَلِّ يَا رَبِّ عَلَى زِيٍّ نِعَمٍ دَائِمَةٍ

أَنْعَمَ الْيَوْمَ عَلَى الْخَلْقِ بِلَا مِقْيَاسِ

সাল্লে ইয়া রাব্বে আলা যি নিয়ামিন দা-য়িমাতিন,
আন-আমাল ইয়াওমা আলাল খাল্কি বিলা-মিক্বইয়াসি।

❖ অনুঃ হে প্রভূ! দুরূদ প্রেরণ করুন, সার্বক্ষণিক নে'য়ামতের মালিকের উপর, যিনি আজ সমস্ত মখলুকের উপর অসীম নে'য়ামত দান করেছেন।

صَلِّ يَا رَبِّ عَلَى صَاحِبِ شَرْعٍ حَسَنِ

فَرَّقَ النَّاسَ مَتَى جَاءَ مِنَ التَّسْنَنِاسِ

সাল্লে ইয়া রাব্বে আলা সা-হিবি শার-ই-হাসানিন,
ফাররাকান না-সা মাতা-জা-আ মিনান নাসনা-সি।

❖ অনুঃ হে প্রভূ! দুরূদ প্রেরণ করুন, উত্তম শরীয়তের ধারকের উপর, যিনি মানুষকে পৃথক করে বুঝিয়ে দিয়েছেন, যখন শয়তানের পক্ষ থেকে কোন কিছু এসেছে তখন।

صَلِّ يَا رَبِّ عَلَى زِيٍّ كَرِيمٍ أُمَّتُهُ
تَدْخُلُ الْجَنَّةَ فِي الْحَشْرِ بِلاَوْشَوَاسِ

সাল্লে ইয়া রাব্বের আলা যী কারামিন ওম্মাতুহু,
তাদখুলুল জান্নাতা ফিল হাশরি বিলা ওয়াসওয়া-সি।

❖ অনুঃ হে প্রভূ! দুরূদ প্রেরণ করুন, দাতার উপর, যাঁর উম্মতগণ
কিয়ামতের দিন সন্দেহাতীত ভাবে বেহেশতে প্রবেশ করবেন।

صَلِّ يَا رَبِّ عَلَى مَنْ هُوَ لَوْلَاهُ لَمَا
